


বিশ্ব বসতি দিবস ২০১৫

সার্বজনিক স্থান সবার অধিকার



গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সার্কুলেটিভ স্পেস সবার অধিগর
Public Spaces for all



বিশ্ব বসতি দিবস ২০১৫
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়





রাষ্ট্রপতি
পঞ্চপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

২০ আশ্বিন ১৪২২
০৫ অক্টোবর ২০১৫

বাণী

প্রতি বছরের মত এ বছরও বাংলাদেশে জাতিসংঘ ঘোষিত বিশ্ব বসতি দিবস উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য 'Public Spaces for all' সময়ের নিরীখে অভ্যন্তর গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি।

নগরায়ন ও শিল্প প্রসারের লক্ষ্যে নিত্য নতুন শিল্পাঞ্চল সৃষ্টি, জনসংখ্যার ক্রমবর্ধমান চাপে আবাসন সৃষ্টিসহ নানাবিধ কারণে সাধারণ মানুষের চলাচল ও প্রবেশ উপযোগী সার্বজনীন স্থানের সংকুলান বাংলাদেশের জন্য একটি বড় চ্যালেঞ্জ। পার্ক, সমুদ্র সৈকত, সামাজিক স্থান, রাস্তা-ঘাট ও ঐতিহাসিক স্থান সংলগ্ন উন্মুক্ত জায়গা উন্নয়নশীল দেশসমূহে ক্রমশ সংকুচিত হয়ে আসছে। স্বয়ংক্রিয়ভাবে সার্বজনীন এসব স্থানে সর্বসাধারণের চলাচল ও প্রবেশাধিকার সীমিত হয়ে আসছে যা কখনোই কাম্য নয়।

একটি দেশের অর্থনৈতিক অগ্রগতির ক্ষেত্রে নগরের ভূমিকা অনস্বীকার্য। বৈশ্বিক অর্থনীতির সাথে তাল মিলিয়ে দ্রুত নগরায়নের প্রয়োজনীয়তা থাকলেও সেটা যেন অপরিকল্পিতভাবে গড়ে না ওঠে সেদিকে লক্ষ্য রাখা একান্ত আবশ্যিক। নগরমুখী মানুষের চল ঠেকাতে পরিকল্পিতভাবে গ্রাম ও পল্লী এলাকার উন্নয়ন করতে হবে এবং কর্মসংস্থানসহ নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিত করতেও পদক্ষেপ নিতে হবে। জলবায়ু পরিবর্তনসহ নানাবিধ কারণে বসতি সমস্যা এখন বিশ্বব্যাপী অভ্যন্তর প্রকট। তাই এ সমস্যার সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়কে এগিয়ে আসতে হবে। উন্নয়নশীল দেশগুলোতে নগরায়নের ক্রমবর্ধমান ধারায় যথাযথ পরিকল্পনার অভাব পরিলক্ষিত হয়ে থাকে। 'রূপকল্প ২০২১'-কে সামনে রেখে আমাদের এগিয়ে যাবার ক্ষেত্রে পরিকল্পিত নগরায়নকে চ্যালেঞ্জ হিসাবে বিবেচনা করে যথাযথভাবে সকল প্রতিবন্ধকতা মোকাবিলায় আহ্বান জানাই। সকলের সমন্বিত প্রচেষ্টায় আমরা সুষ্ঠু, পরিকল্পিত আবাসন ও নগরায়ন নিশ্চিত করতে পারব বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আমি 'বিশ্ব বসতি দিবস ২০১৫' উপলক্ষে গৃহীত কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।


মোঃ আবদুল হামিদ



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২০ আশ্বিন ১৪২২
০৫ অক্টোবর ২০১৫

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও বিশ্ব বসতি দিবস উদ্‌যাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য 'Public Spaces for all' বা অত্যন্ত সমরোপযোগী হয়েছে বলে আমি মনে করি।

সুপরিষ্কৃত গৃহায়ন ও নগরায়নের মাধ্যমে জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়ন করা বর্তমান সরকারের অন্যতম অঙ্গীকার। বিগত প্রায় সাত বছরে বর্তমান সরকার জনসংখ্যা নিয়ন্ত্রণের পাশাপাশি ভূমির পরিকল্পিত ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে বিভিন্নমুখী কর্মসূচি বাস্তবায়ন করেছে। হাতিরঝিল এলাকায় সমন্বিত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ফলে রাজধানী ঢাকার সৌন্দর্য বৃদ্ধির পাশাপাশি জলাবদ্ধতা নিরসন, পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং সংশ্লিষ্ট এলাকার যোগাযোগের ক্ষেত্রে আমূল পরিবর্তন সাধিত হয়েছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ ছাড়াও বিভিন্ন অঞ্চলভিত্তিক উন্নয়ন কর্তৃপক্ষ পর্যাপ্ত উন্মুক্ত স্থান নিশ্চিত করে সকলের ব্যবহারযোগ্য আবাসন ও নগরায়ন সংক্রান্ত কাজ করে যাচ্ছে। বেসরকারি আবাসন শিল্পে সূষ্ঠ ভূমির ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে আমরা বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা ২০০৪ সংশোধনের উদ্যোগ নিয়েছি। এ ছাড়াও সংশ্লিষ্ট পুরাতন অন্যান্য আইন ও বিধিমালা যুগোপযোগী করার কার্যক্রম চলমান রয়েছে। আমাদের এসকল কর্মসূচি বাস্তবায়নের ফলে গৃহায়ন ও আবাসন খাতে প্রগিধানযোগ্য সাফল্য অর্জিত হয়েছে।

বিশ্ব বসতি দিবস ২০১৫ উপলক্ষে সরকারি-বেসরকারি উদ্যোগের পাশাপাশি উন্নয়ন সহযোগীদের পরিকল্পিত নগরায়ন সৃষ্টিতে এগিয়ে আসার জন্য আহ্বান জানাই। আমি আশা করি, সকলের সমন্বিত প্রচেষ্টায় বাংলাদেশকে আপামী প্রজন্মের জন্য একটি বাসযোগ্য নগরীতে পরিণত করতে সক্ষম হব।

আমি বিশ্ব বসতি দিবস ২০১৫ উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরঞ্জীবী হোক।

শেখ হাসিনা





মন্ত্রী

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২০ আশ্বিন ১৪২২

০৫ অক্টোবর ২০১৫

বন্ধু

এ বছরেও বাংলাদেশে যথাযথ গুরুত্বের সাথে বিশ্ব বসতি দিবস ২০১৫ পালিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এবারে দিবসের প্রতিপাদ্য নির্বাচন করা হয়েছে 'Public Spaces for all' যার বাংলারূপ দেওয়া হয়েছে 'সার্বজনিক স্থান সবার অধিকার'। বাংলাদেশের প্রেক্ষাপটে নির্বাচিত প্রতিপাদ্যটি অত্যন্ত সমরোপযোগী ও তাৎপর্যপূর্ণ হয়েছে বলে আমি মনে করি।

আমাদের দেশে প্রতিনিয়ত নগরায়ন হচ্ছে। দেশের অর্থনীতি শক্তিশালী হওয়ায় নগরায়নের গতি বেড়েছে। পরিকল্পিতভাবে নগরায়ন না হলে সুযোগ-সুবিধার পরিবর্তে নাগরিক জীবনে নেমে আসে বিপর্যয়। সরকার নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিত করে নগরায়নের কার্যক্রম পরিচালনা করে থাকে। এজন্য নগর পরিকল্পনায় খেলার মাঠ, রাস্তাঘাট, উন্মুক্ত স্থান, ঐতিহাসিক স্থান, জলাশয়, বিনোদন কেন্দ্রের উন্নয়ন ও সংরক্ষণের জন্য বিশেষ পরিকল্পনা রাখা হয়। নাগরিক জীবনের জন্য এসব স্থান অপরিহার্য। ঢাকা স্ট্রাকচার প্র্যানের (২০১৬-২০৩৫) খসড়ায়ও ফ্লাড গ্রো জোন, খাল ও নদী, পানি সংরক্ষণাগার, জাতীয় ও আঞ্চলিক পার্ক, বনাঞ্চল, হেরিটেজ ও দর্শনীয় স্থানগুলোর উন্নয়ন ও সংরক্ষণের বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়াও উন্মুক্ত স্থানের উন্নয়ন ও সংরক্ষণের জন্য বিশেষ নীতিমালা প্রণয়ন করা হচ্ছে। এসব উন্মুক্ত স্থান নাগরিক জীবনে শক্তি প্রদানের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

আমাদের দেশে সরকারের পাশাপাশি বেসরকারি সংগঠনসমূহ নগরায়নে বিশেষ ভূমিকা পালন করে যাচ্ছে। আবাসিক এলাকা গড়ে তোলার সাথে সাথে বেসরকারি সংগঠনগুলো অনেক সুউচ্চ ভবন নির্মাণ করছে। কিন্তু প্রায়শই দেখা যায় যে, বেসরকারি আবাসিক এলাকায় পর্যাপ্ত উন্মুক্ত স্থান সংরক্ষণ করা হয় না। এতে বাসিন্দাদের যেমন নানাবিধ সমস্যা মোকাবিলা করতে হয়, তেমনি নাগরিক জীবনের স্বস্তিদায়ক পরিবেশ নিশ্চিত করা সম্ভব হয় না। আমি আশা করি বেসরকারি সংস্থাসমূহও আবাসন এলাকা গড়ে তোলার ক্ষেত্রে এ বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণ করবে।

আমি বিশ্ব বসতি দিবস ২০১৫ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।


ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এমপি

বিশ্ব বসতি দিবস ২০১৫







মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও
সমবায় মন্ত্রণালয়

২০ আশ্বিন ১৪২২
০৫ অক্টোবর ২০১৫

বন্ধু

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও ০৫ অক্টোবর ২০১৫ তারিখ 'বিশ্ব বসতি দিবস' উদযাপিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

'বিশ্ব বসতি দিবস' মূলত: আন্তর্জাতিকভাবে স্বীকৃত সর্বজনীন একটি দিবস। জাতিসংঘের উদ্যোগে ১৯৮৬ সাল থেকে এ দিবসটি উদযাপিত হয়ে আসছে। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'Public Spaces for all' বা 'সার্বজনিক স্থান সবার অধিকার'। এবারের প্রতিপাদ্য বিষয় বাংলাদেশের প্রেক্ষাপটে অত্যন্ত সমরোপযোগী ও গুরুত্বপূর্ণ।

দ্রুত নগরায়ন ও শিল্পায়নের বৈশ্বিক ধারায় বিশ্বব্যাপী সর্বসাধারণের জন্য উন্মুক্ত ও সর্বজনীন স্থানসমূহ ক্রমশ: সংকুচিত হয়ে আসছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। আর এ কারণেই UN Habitat কর্তৃক স্বীকৃত সার্বজনিক স্থানের (Public Spaces) উন্নয়ন ও সংরক্ষণের বিষয়ে এ বছর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়েছে। সার্বজনিক স্থানসমূহের উন্নয়ন ও সংরক্ষণ একটি নগরী ও শহরকে পরিবেশসম্মত ও টেকসই আবাসস্থল হিসাবে গড়ে তুলতে পারে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার স্বপ্ন ও আদর্শকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রণীত 'রূপকল্প ২০২১' বাস্তবায়নের মাধ্যমে আমরা বাংলাদেশকে একটি আদর্শ বাসযোগ্য দেশে পরিণত করতে পারবো বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

পরিশেষে 'বিশ্ব বসতি দিবস' ২০১৫-এর অনুষ্ঠানমালার সর্বজনীন সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

বন্দকার মোশাররফ হোসেন এমপি



সভাপতি
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সম্পর্কিত স্থায়ী কমিটি
সংসদ ভবন, ঢাকা।

২০ আশ্বিন ১৪২২
০৫ অক্টোবর ২০১৫

বন্ধু

বাসস্থান মানুষের মৌলিক চাহিদার একটি উপাদান। সভ্যতার বিকাশের সাথে সাথে মানুষের বাসস্থানের ধরন ও ধারণার পরিবর্তন ঘটছে। বিশ্বের অন্যান্য দেশের সাথে সঙ্গতি রেখে প্রতিবারের মতো বিশ্ব বসতি দিবস, ২০১৫ উদযাপিত হতে যাচ্ছে জেনে আমি অভ্যস্ত আনন্দিত। ১৯৮৬ সাল থেকে জাতিসংঘের উদ্যোগে দিবসটি পালিত হয়ে আসছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'Public Spaces for all'।

বর্তমান বিশ্বায়নের যুগে ক্রমবর্ধমান নগরায়ন ও শিল্পায়নের করাল গ্রাসে নিশ্চিহ্ন হতে বসেছে সবুজ খেরা-খোলা আকাশের-মুক্ত বাতাসের 'Public Space'। অপরিকল্পিত শহরায়নের খাবায় আমরা ধ্বংস করেছি সামাজিক বিনোদন স্থান/কেন্দ্র, খেলার মাঠ, উন্মুক্ত জলাশয় ও পার্ক। অথচ মানসিক ও সামাজিক বিকাশের জন্য 'Public Space' এর ভূমিকা অপরিণীম। আজকে আমরা শহরগুলোতে সবুজ নিশ্চিহ্ন করে ইট পাথরে ঢেকে ফেলার প্রতিযোগিতায় লিপ্ত হয়েছি। জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যুগোপযোগী নেতৃত্ব ও দিক নির্দেশনায় বাংলাদেশ আজকে মধ্যম আয়ের দেশে পরিণত হতে চলেছে। তাঁর দিক নির্দেশনায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরিকল্পিত ও পরিবেশ বান্ধব নগরায়নের কাজ করে যাচ্ছে। এদেশে সকলের সুচিন্তিত ও সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে জাতিসংঘ ঘোষিত বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য বাস্তবায়ন সম্ভব বলে আমি বিশ্বাস করি।

বিস্তীর্ণ নীল আকাশ-উন্মুক্ত সবুজ মাঠ-নির্মল মুক্ত বাতাসের সমন্বয়ে নগরায়ন নিশ্চিত হবে এই আশায় বিশ্ব বসতি দিবস ২০১৫ এর সার্বিক সাফল্য কামনা করছি।

ড. দরিদ্র হোসেন
আলহাজ্ব মোঃ দরিদ্র ইসলাম এমপি

বিশ্ব বসতি দিবস ২০১৫





সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

২০ আশ্বিন ১৪২২
০৫ অক্টোবর ২০১৫

বনী

জাতিসংঘ ঘোষিত বিশ্ব বসতি দিবস ১৯৮৬ সাল থেকে প্রতি বছর অক্টোবর মাসের প্রথম সোমবার পালিত হয়ে আসছে। এই ধারাবাহিকতায় এ বছর ৫ অক্টোবর বাংলাদেশেও বিশ্ব বসতি দিবস ২০১৫ উদযাপিত হচ্ছে এবং এ লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

এ দিবস উপলক্ষে United Nations Human Settlements Programme বা UN Habitat প্রতিবছর জাতিসংঘের বসতি কর্মসূচির সাথে সঙ্গতিপূর্ণ প্রতিপাদ্য নির্ধারণ করে থাকে। এ বছরের প্রতিপাদ্য 'Public Spaces for all' বা 'সার্বজনিক স্থান সবার অধিকার' বিষয়টি বিশ্ব ও বাংলাদেশের প্রেক্ষাপটে অত্যন্ত সমন্বয়যোগ্য। শিল্পায়ন ও শহর কেন্দ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পাওয়ার ফলে বিশ্বব্যাপী শহরাভিমন্থে জনসংখ্যার প্রবাহ শঙ্কাজনক হয়ে বাড়ছে। বিশ্বে মোট জনসংখ্যার প্রায় শতকরা ৫৪ ভাগ মানুষ শহর ও নগরীতে বসবাস করছে যা ২০৫০ সালে শতকরা ৬৬ ভাগে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশে নগর কেন্দ্রিক জনগোষ্ঠীর সংখ্যা মোট জনসংখ্যার প্রায় শতকরা ত্রিশভাগ। এই প্রবণতার ফলে পরিকল্পিত নগরায়ন তথা নাগরিক সুযোগ সুবিধা বৃদ্ধি করার মাধ্যমে উন্নত সার্বজনিক স্থানসমূহ রক্ষা করা আজ বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। নগর পরিকল্পনায় সর্বসাধারণের চলাচলের রাস্তা ও সার্বজনিক স্থানসমূহকে প্রায়ই উপেক্ষা এবং অবমূল্যায়ন করা হয়। কিন্তু সুপরিকল্পিত ও যথাযথভাবে সংরক্ষিত সার্বজনিক স্থান একটি শহরের বাসযোগ্যতা ও অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল ভিত্তি হিসেবে পরিগণিত হয়ে থাকে।

সময়ের প্রয়োজনে বিশ্বের সাথে তাল মিলিয়ে সুপরিকল্পিত ও পরিবেশ বান্ধব নগরায়নের জন্য বাংলাদেশেও ইতোমধ্যে কার্যকর ও ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমান সরকারের উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে এবং মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ উদ্যোগের সাথে একাত্ম হয়ে সুপরিকল্পিত, টেকসই, পরিবেশ বান্ধব ও গতিশীল নগরায়নে বহুমুখী কর্মপরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়ন করে চলেছে। একইসাথে নগরবাসীকে বিশ্বমানের সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় জৌত অবকাঠামো নির্মাণের কাজ অব্যাহত আছে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক ২০১৬-২০৩৫ সালের জন্য ঢাকা স্ট্রাকচার প্র্যান-এর খসড়া প্রণয়ন করা হয়েছে যেখানে ঢাকাকে আগামী ২০ বছরে সকল নাগরিক সুবিধাসম্পন্ন আধুনিক শহরে রূপান্তরিত করার পরিকল্পনা রয়েছে। এ পরিকল্পনায় সার্বজনিক স্থানসমূহের উন্নয়ন ও সংরক্ষণ নিশ্চিত করা হয়েছে।

বিশ্ব বসতি দিবস ২০১৫-এর প্রতিপাদ্যকে সামনে রেখে এর সকল কর্মসূচির সার্বিক সফলতা কামনা করছি।

মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ

বিশ্ব বসতি দিবস ২০১৫





২০ আশ্বিন ১৪২২
০৫ অক্টোবর ২০১৫

উদঘোষনা


কিছু সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে ১৯৮৬ সাল থেকে জাতিসংঘের উদ্যোগে প্রতি বছর বিশ্বব্যাপী বিশ্ব বসতি দিবস উদযাপিত হয়ে আসছে। আমাদের নগর ও শহরের বর্তমান অবস্থা এবং মৌলিক অধিকার হিসাবে সবার জন্য পর্যাপ্ত বাসস্থানের বিদ্যমান পরিস্থিতি তুলে ধরে জনসচেতনতা সৃষ্টি করাই এ দিবসটি পালনের মূল উদ্দেশ্য। এ উদ্দেশ্যকে সামনে রেখে এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে 'Public Spaces for all'। Public Space বা 'সার্বজনিক স্থান' বলতে শহর ও নগরীর অলাভজনক স্থানকে চিহ্নিত করা হয়েছে যেখানে সবার প্রবেশাধিকার থাকে এবং যা চিন্তাকর্ষক হিসেবে বিবেচিত হয়। পার্ক, ব্রান্ডাচাট, হাঁটা পথ, বিপনী বিতান, খেলার মাঠ ইত্যাদি সবই 'সার্বজনিক স্থান' হিসাবে পরিগণিত।

গত ২০১১ সালের ২৫ এপ্রিল কেনিয়ার নাইরোবিতে অনুষ্ঠিত UN Habitat এর ২৩তম অধিবেশনে প্রথমবারের মত সার্বজনিক স্থান (Public Space) সংক্রান্ত প্রস্তাবনা গৃহীত হয়। UN Habitat এর এ প্রস্তাবনার মাধ্যমে দ্রুত নগর উন্নয়নের চ্যালেঞ্জ হিসাবে সর্বজনীন নাগরিক স্থানের উন্নয়ন ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমের স্বীকৃতি প্রদান করা হয় এবং আন্তর্জাতিকভাবে এ বিষয়ক নীতি, আইন ও বিধি-বিধান প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হয়। প্রাসঙ্গিকভাবে উল্লেখ্য, ২০৩০ সালের মধ্যে নিরাপদ ও পরিবেশ সম্মত সার্বজনিক স্থানে সকলের বিশেষ করে নারী, শিশু, বয়োবৃদ্ধ ও প্রতিবন্ধীদের প্রবেশ নিশ্চিত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মানসম্মত সার্বজনিক স্থান ঐ স্থানের আশেপাশে বসবাসকারী সবার মাঝে পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতির বন্ধন দৃঢ় করে এবং নগরবাসীদের স্বাস্থ্যকর ও সুখী জীবন নিশ্চিত করে। একই সাথে সেখানে বিনিয়োগ ও অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পায় এবং টেকসই পরিবেশ নিশ্চিত হয়। আর এ কারণে টেকসই নগর উন্নয়নের পূর্বশর্ত হিসাবে আজ সার্বজনিক স্থানগুলোর উন্নয়ন ও সংরক্ষণের বিষয়টি UN Habitat এর কর্মসূচির কেন্দ্রবিন্দুতে এসে দাঁড়িয়েছে।

প্রতি বছরের মত এ বছরও বিশ্ব বসতি দিবস উপলক্ষে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে তথ্যবহুল ও গবেষণা সমৃদ্ধ একটি সুরগিকা প্রকাশ করা হয়েছে। এ বছরের প্রতিপাদ্য বিষয়ের সাথে সঙ্গতিপূর্ণ তথ্য ও প্রবন্ধসমূহ আমাদের সুপরিচালিত নগরায়নের ক্ষেত্রে দিক নির্দেশনা প্রদানে নীতি নির্ধারণীদের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হবে বলে আমরা মনে করি।

পরিশেষে সুরগিকার লেখক ও গবেষকবৃন্দ, সম্পাদনা পর্যদের সদস্যবৃন্দ এবং প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে তাঁদের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। সুরগিকা প্রকাশসহ বিশ্ব বসতি দিবস ২০১৫ উদযাপন সংক্রান্ত বার্ষিক কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ-র মূল্যবান দিক নির্দেশনা ও পরামর্শের জন্য তাঁর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। এ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যাদের উৎসাহ ও উদ্বীপনায় এই প্রকাশনাটি সফলতা লাভ করেছে তাঁদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সুরগিকা প্রকাশসহ দিবসটি উদযাপনের অন্যান্য কর্মসূচির সাথে সম্পৃক্ত থাকায় REHAB কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। তাছাড়া অন্যান্য বেসরকারি সংস্থা ও গবেষণা প্রতিষ্ঠানকেও তাদের সহযোগিতার জন্য সাধুবাদ জানাই। এ সুরগিকায় অনাকাঙ্ক্ষিত কোন ভুলত্রুটি হয়ে থাকলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করছি।

আশা করি, সবার ঐকান্তিক প্রয়াসে বিশ্ব বসতি দিবস ২০১৫ সফলভাবে উদযাপিত হবে।


এম বজলুল করিম চৌধুরী

বিশ্ব বসতি দিবস ২০১৫



সূচি

সার্বজনিক স্থান সবার অধিকার নুরুল ইসলাম নাজেম, এ কিউ এম মাহবুব	১৪-২০
Public Spaces in Rajuk Area G.M. Joinal Abedin Bhuiya	২১-২৬
Preserving Open Space for Livability of Dhaka Dr. Farida Nilufar	২৭-৩৪
Preserving Green Spaces in Dhaka City Moniza Biswas	৩৫-৪০
Ecological Footprint of Dhaka City: How far it is Sustainable M. Maksudur Rahman, Toriqlul Islam	৪১-৪৭
Importance of the planned cities on man's personal and social life : An Analysis. Md. Monjure Alam Pramanik	৪৮-৫৫
Housing for All Income Groups to Improve Urban Inequality Dr. Toufiq M. Seraj	৫৬-৫৮
An Organic-Architectonic System and the Quantitative Indicator of Open Space Situation in Urban Progression of Dhaka Ar. Shabab Raihan Kabir	৫৯-৭০
Climate Change – Adaptability and Resilience in Bangladesh Context Qazi Azizul Mowla	৭১-৮৮
রাজধানী ঢাকার পরিচালনা: উন্নয়ন ও সুশাসন সমন্বয় প্রসঙ্গ অধ্যাপক মজরুল ইসলাম	৮৯-৯২
ঢাকা শহরের পার্ক : একটি পর্যালোচনা সৈয়দা ইসরাত নাজিয়া, কানিজ ফাতেমা	৯৩-৯৯
আবাসন সুবিধা প্রদান ও পাবলিক প্রেস বিনির্মাণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় মো: মনিরুল হুদা	১০০-১০৪
Public Places in Bangladesh	১০৫-১১৩
বিশ্ব বসতি দিবস ২০১৫ উদযাপন কমিটি	১১৪-১১৯



সার্বজনিক স্থান সবার অধিকার

নূরুল ইসলাম নাজেম^১
এ কিউ এম মাহবুব^২

বিশ্ব বসতি দিবসের ২০১৫ সালের প্রতিপাদ্য “পাবলিক স্পেসেস ফর অল” বা সার্বজনিক স্থান সবার অধিকার। সার্বজনিক স্থান বলতে বোঝায় সর্বজনের জন্য উপভোগ্য উন্মুক্ত স্থান, যেখানে বাধ্যহীনভাবে সবাই যেতে পারে এবং উপভোগ করতে পারে। সাধারণভাবে সাংস্কৃতিক ও সামাজিক যোগাযোগ রক্ষায় অথবা বিশেষ কোন কারণে মানুষ যখন একটি নির্দিষ্ট পরিসরে একত্রিত হয় তখন তাকে সার্বজনিক স্থান বলা যায়। সোহরাওয়ার্দি উদ্যান, জাতীয় স্মৃতিসৌধ, জাতীয় সংসদ ভবনের দক্ষিণ ও উত্তর প্লাজা, সড়ক ও জনপথসমূহ, পার্ক ও সরোবরসমূহ সার্বজনিক স্থানের উদাহরণ। সার্বজনিক স্থান হতে পারে একটি ইতিহাস প্রসিদ্ধ এলাকা, বিনোদনমূলক স্থান (যেমন খেলার মাঠ, মেলা), মার্কেট প্রেস বা বাজার, নগরকেন্দ্র ইত্যাদি। সুন্দর একটি পাড়া বা গ্রামও হতে পারে ঐ পাড়া বা গ্রামের মানুষের জন্য সার্বজনিক স্থান। এক কথায় সার্বজনিক স্থান সামাজিক পরিবেশের একটি অবিচ্ছেদ্য অংশ।

সার্বজনিক স্থানসমূহ আমাদের দৈনন্দিন জীবনের সাথে সম্পৃক্ত। এগুলোর অবস্থান সাধারণত ব্যক্তি বা পারিবারিক পরিসরের বাইরে থাকে। বাড়ির দালান কোঠা এসবের অধিকাংশই ব্যক্তি বা কর্পোরেট মালিকানাধীন থাকে। এগুলোকে বাদ দিলে যা কিছু থাকে তার অধিকাংশই সার্বজনিক স্থানের আওতায় পড়ে। উইকিপিডিয়ার সংজ্ঞায় ধর্ম, জাতি, বয়স এবং আর্থ সামাজিক শ্রেণি নির্বিশেষে সকল নাগরিকের সমান ও সহজ সুযোগ সম্বলিত স্থানসমূহকে সার্বজনিক স্থান বলা হয়েছে। এসব এলাকায় যে কেউ যে কোন সময়ে যেতে পারে। এসব স্থান সবার জন্য উন্মুক্ত এবং এর কোন গেইট পাস, এন্ট্রি ফি বা ড্রেস কোড নেই। এখানে কেউ দেখার জন্য যায় আবার কেউ যায় দৃশ্যমান হতে। এখানে শিশুরা খেলাধুলো করে, বড়রা আড্ডা দেয় এবং বুড়েরা গল্প করে, বেড়ায়। স্থানের ধরন হিসেবে এর ব্যবহার নিশ্চিত হয়।

সার্বজনিক স্থানসমূহের ধরন

নানাভাবে সার্বজনিক স্থানসমূহের শ্রেণি বিভাজন করা যায়। ব্যবহারের দিক থেকে এসব স্থানকে অন্ততঃ ৭টি ভাগে ভাগ করা যায়। যেমন:

পার্ক বা নগর বাগানঃ এসব স্থান নগর এলাকায় পরিকল্পিত ভাবে তৈরি করা হয়। যেমন সিটি পার্ক, আঞ্চলিক বা District পার্ক, স্থানীয় পার্ক ও কম্যুনিটি পার্ক ইত্যাদি। রকমারি গাছগাছালি ও ফুলে ফুলে শোভিত এসব পার্ক সবার জন্য উন্মুক্ত থাকে। নগর বনাঞ্চলও (urban forest) এক ধরনের পার্ক। এসব পার্ক জনসংখ্যার অনুপাতে তৈরি করা হয়। এলাকা ভেদে পার্কের আকার ও আকৃতির পার্থক্য হয়। যে শহরে যতবেশি পার্ক, সে শহর তত সুন্দর ও বাসযোগ্য।



রমনা পার্ক



রমনা পার্ক

খেলার মাঠঃ স্কুল, কলেজ, আবাসিক এলাকা এমনকি শিল্প এলাকায়ও খেলার মাঠ থাকে। মাঠগুলোতে সাধারণতঃ স্ব

^১ ড. নূরুল ইসলাম নাজেম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ও নগর গবেষণা কেন্দ্র ঢাকার সাময়িক সচিব।

^২ ড. এ.কিউ.এম. মাহবুব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ও নগর গবেষণা কেন্দ্রের কার্যনির্বাহী পরিচালক।

প্রতিষ্ঠানের যুবক শ্রেণি ও স্কুল কলেজের ছাত্রছাত্রীরা খেলাধুলা করে। খেলার মাঠগুলো সাধারণত সব মানুষের জন্য উন্মুক্ত থাকে না। এগুলো স্থানীয়ভাবে নিয়ন্ত্রিত হয়।

সড়ক-দৃশ্য (Street Scape): সাধারণ মানুষের জন্য সবচেয়ে সহজে উপভোগ্য (easy access) সার্বজনিক স্থান সড়ক-স্কেপ। এখানে বাধাহীন ভাবে সবাই চলাচল করতে পারে। একটি সুপরিকল্পিত শহরের অন্তত: একচতুর্থাংশ স্থান জুড়ে থাকে এসব সড়কপথ। সড়ক ও এর দুপাশের পায়ে হাঁটার রাস্তাগুলো পরিকল্পিতভাবে সাজাতে পারলে এবং ভাল ব্যবস্থাপনা থাকলে এগুলোই হতে পারে সবচেয়ে সুন্দর সার্বজনিক স্থান।

সিটি স্কার, বাজার ও আধুনিক শপিংমল: অধিকাংশ বড়শহরের কেন্দ্রীয় এলাকায় পরিকল্পিতভাবে সিটি স্কার তৈরি করা হয়। নান্দনিক এসব স্কারে ভ্রমণ, উপভোগ্য সব নির্মাণ শৈলী ও স্থাপত্য দৃশ্য দেখা এবং একই সাথে শপিং ও খানাপিনার ব্যবস্থা নগরবাসীকে দারুণ আকৃষ্ট করে। ঢাকায় এধরনের কোন স্কার না থাকলেও সম্প্রতি শেরেবাংলা নগরের পাশে পুরাতন বিমান বন্দরকে ঘিরে একটি সিটি স্কার নির্মাণের জোর দাবি উঠেছে।

ইতিহাস প্রসিদ্ধ স্থান: সার্বজনিক স্থান হিসাবে ইতিহাস প্রসিদ্ধ স্থানসমূহ বেশ গুরুত্বপূর্ণ। ঢাকায় অবস্থিত কেন্দ্রীয় শহীদ মিনার এবং সাভারে জাতীয় স্মৃতিসৌধ সাম্প্রতিক ইতিহাসের উপাদান সম্বলিত সার্বজনিক স্থান। অপরদিকে লালবাগের কেলা, বাহাদুরশাহ পার্ক, আহসান মঞ্জিল ইত্যাদি প্রাচীন ইতিহাসের সাক্ষ্য বহন করে। সার্বজনিক স্থান হিসাবে এসব এলাকার গুরুত্ব অনেক। নগরবাসী অনেক সময় সামান্য পয়সার বিনিময়ে হলেও এসব স্থান ভ্রমণ করে থাকে।

সাংস্কৃতিক অঙ্গন: রমনাবটমূল আমাদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক সার্বজনিক স্থান হিসাবে যথেষ্ট গুরুত্বপূর্ণ। এছাড়া মসজিদ, মন্দির, ঈদগাহ, কবরস্থান ইত্যাদিও সার্বজনিক স্থান। এসব স্থানের সংরক্ষণ এবং নান্দনিক সৌন্দর্য বৃদ্ধি করতে পারলে সাধারণ মানুষের উপভোগের একটি দিগন্ত উন্মোচিত হতে পারে।

প্রাকৃতিক ভূদৃশ্য: নগরে প্রকৃতির ছোঁয়া বিরল কোন বিষয় নয়। পরিকল্পিতভাবে নগরে বহমান খাল ও নদী, বন এবং অবস্থিত পাহাড় ইত্যাদি সংরক্ষণ ও সু-দৃশ্যায়নের মাধ্যমে নগরবাসীর জন্য স্বর্গীয় পরিবেশ তৈরি করার যায়। শুধু প্রয়োজন সুরক্ষায় দৃঢ়তা। অর্থনীতির চাপে আমাদের নগরসমূহ থেকে এসব নান্দনিক ভূদৃশ্য হারিয়ে যেতে বসেছে। এগুলো রক্ষা করা এবং যথাযথ সংরক্ষণ করাই এখন বড় চ্যালেঞ্জ।

উল্লেখিত সবধরনের সার্বজনিক স্থান নগর পরিবেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এসব রক্ষা করার মাধ্যমে একটি নগরকে অতিসহজেই বাসযোগ্য ও নান্দনিক শহরে রূপান্তর করা যায়। কিন্তু বাংলাদেশের শহর ও নগরগুলোতে এই নান্দনিকতার ছোঁয়া নেই বললেই চলে। এটি আমাদের চরম ব্যর্থতা।

সার্বজনিক স্থানের প্রধান বৈশিষ্ট্য

মূল্যায়নের দৃষ্টিকোণ থেকে সার্বজনিক স্থানসমূহের বৈশিষ্ট্য নানা রকম হতে পারে। তবে যেসব বৈশিষ্ট্যের কারণে একটি স্থান গুরুত্বপূর্ণ হয়ে উঠে তার কিছুটা বর্ণনা দেয়া যেতে পারে। **প্রথমতঃ** সার্বজনিক স্থানসমূহ সামাজিক যোগাযোগের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র। একে অপরের সাথে দেখাসাক্ষাতের মাঝে তৈরি হয় সামাজিক মেলবন্ধন। বড় শহরের বিখ্যাত সার্বজনিক স্থানসমূহে এত বেশি লোকের সমাগম হয় যে সেখানে সবাই সবাইকে জানবে চিনবে এমন হয়না, কিন্তু ওসব স্থানে ভ্রমণের অংশিদারগণ সবার সাথে মিশেই বিচিত্র অভিজ্ঞতা ও তৃপ্তি লাভ করতে পারে। **দ্বিতীয়তঃ** সার্বজনিক স্থানসমূহ হবে নিরাপদ, ভয়শূন্য এবং সকলের জন্য অভ্যর্থনীয়। নিরাপত্তাহীনতা সার্বজনিক স্থানের জন্য একটি ঋণাত্মক বৈশিষ্ট্য। সকল রকম ভয়ভরের উপর্ষ থেকে জনমানুষ সার্বজনিক স্থানসমূহে যাবে এটাই সবার কাম্য। এসব স্থানের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের। **তৃতীয়তঃ** সার্বজনিক স্থানসমূহের পরিকল্পনায় ও স্থাপত্যে থাকবে স্বকীয়তা, হবে দৃষ্টিনন্দন এবং ব্যবহারে সাবলিল। **চতুর্থতঃ** এসব স্থান সমাজের মানুষের মধ্যে নিবিড় সম্পর্ক তৈরিতে সহায়তা করে এবং সহমর্মিতা বাড়ায়। **পঞ্চমতঃ** সার্বজনিক স্থানসমূহ স্থানীয় সংস্কৃতি, ঐতিহ্য ও ইতিহাসের নানাদিক তুলে ধরে। এতে করে এই স্থানসমূহ ব্যবহারকারীদের ঐতিহ্য রক্ষায় এবং ইতিহাস সচেতনতায় বিশেষ ভূমিকা রাখতে পারে এবং এর মাধ্যমে মানুষের দেশাত্ববোধ আরো সুদৃঢ় হতে পারে।

সার্বজনিক স্থানের ব্যবহার ও গুরুত্ব

বাংলাদেশের অধিকাংশ মানুষ তুলনামূলকভাবে দরিদ্র। বিশেষকরে শহরে আবাসন স্বল্পতা, দুর্বল অবকাঠামো, অপরিষ্কার আয় ইত্যাদির কারণে সাধারণ মানুষ বিপর্যস্ত জীবন যাপন করে। যদি এমন হয় যে শহরের রাস্তাঘাট প্রশস্ত, পর্যাপ্ত পায়ে হাঁটার পথ, যথেষ্ট উন্মুক্ত স্থান, পার্ক খেলার মাঠ ইত্যাদি বিদ্যমান, তাহলে দরিদ্র জনগণ, যাদের টাকা খরচ করে বিনোদনের সুযোগ নাই, তারা একটু স্বাচ্ছন্দে জীবন যাপন করতে পারতো। গবেষণায় দেখা যায় নগরের অপরিষ্কার অবকাঠামো ও উন্মুক্ত স্থানের অভাবে নগর বসবাসের অযোগ্য হয়ে উঠে। ঢাকার কথাই ধরা যাক। এখানে নগর এলাকার মাত্র ৭/৮ শতাংশ জায়গা জুড়ে আছে রাস্তাঘাট। জনসংখ্যার তুলনায় এটা খুবই অপ্রতুল। তেমনি খেলার মাঠ, উন্মুক্ত স্থান, পার্ক ইত্যাদিও অপ্রতুল। এজন্য বাসযোগ্য শহরের তালিকায় ঢাকার স্থান প্রায় সর্বনিম্নে।

ড্যানিশ্টন ডি ডি



দক্ষিণ এশিয়ার অন্যতম ধনীদেশ মালদ্বীপ থেকে একটি উদাহরণ দেয়া যায়। মালদ্বীপ প্রায় এক হাজার দ্বীপ নিয়ে গঠিত হলেও জন মানুষের বসবাস মাত্র ২০০ দ্বীপে। অধিকাংশ দ্বীপ জনশূন্য তবে কোন কোন দ্বীপ জনসংখ্যায় ঠাসা। এমনটি হয় আশেপাশের সম্পদ ও জীবিকার উপকরণের প্রাচুর্যের কারণে। এমনি একটি দ্বীপের নাম হিল্লাভারু। এক বর্ষমাইলের এই দ্বীপটিতে বসবাস করে প্রায় ৪ হাজার পরিবার। পাবলিক প্রতিষ্ঠান হিসাবে কলেজ ও হাসপাতালও আছে এই দ্বীপে। কিন্তু মানুষের নিঃশ্বাস নেয়ার কোন জায়গা নেই। গড়ে এক তৃতীয়াংশ লোক দ্বীপের বাইরে আশেপাশে মাছ ধরার কাজে ব্যস্ত থাকে। চার পাশের সমুদ্র তীর ছাড়া মানুষের হাঁটা চলার কোন জায়গা নেই। সারা রাতই কাউকে না কাউকে পাওয়া যাবে সমুদ্রের তীরে। বাসাগুলো লাগা লাগা, সামনে পেছনেও কোন জায়গা নেই। দ্বীপবাসীর ব্যক্তিগত কোন স্পেস নেই। সমুদ্রতীর বা সৈকত ছাড়া কোন সার্বজনিক স্থানও নেই। যেখানে থাকে, সেখানেই ঘুমোয়। একই স্থানে রান্নাবান্নাও হয়। অনেকটা আমাদের বস্তি এলাকার মত ঘনত্ব। যারা কাজে থাকে একটু ভাল থাকে। দ্বীপের অধিকাংশ মানুষ হতাশাগ্রস্ত দ্বীপের ডাক্তার জানালেন যে, এখানে প্রায় অর্ধেক মানুষ মানসিকভাবে অসুস্থ। আমাদের সমীক্ষায়ও বেরিয়ে আসে চমকপ্রদ এই তথ্য। দ্বীপটিতে পাবলিক স্পেস নেই। প্রাইভেট স্পেসও নেই। এটাই হয়ত এরকম হতাশার কারণ হতে পারে।

আমাদের শহরের বস্তিগুলো এরকমই। পার্থক্য শুধু এই যে ওরা ধনী। বাংলাদেশের বস্তিবাসীরা দরিদ্র। সার্বজনিক স্থানের অভাবে তাদের জীবনে কোন আলো নেই। এমনকি ঢাকায় উচ্চবিত্ত ও মধ্যবিত্তরাও পাবলিক স্পেস উপভোগ করবে এমন সুযোগ সীমিত। ফলে মানুষ হয়ে উঠছে হিংস্র, অসহনশীল এবং অপরাধপ্রবণ। এ থেকে মুক্তি পেতে হলে সার্বজনিক স্থানের গুরুত্ব অনুধাবন করতে হবে এবং নগর পরিকল্পনায় এসব স্থানের যথাযথ ব্যবহার দেখাতে হবে।

জাতিসংঘের মানববসত উন্নয়ন সংক্রান্ত সংস্থার (UN Habitat) সমীক্ষায় দেখা যায় শহরের সমৃদ্ধির সাথে পর্যাপ্ত সড়ক ব্যবস্থার নিবিড় সম্পর্ক রয়েছে। এখানে নগরের রোড স্পেসকে সার্বজনিক স্থান হিসাবে বিবেচনা করা হয়েছে। পর্যাপ্ত রোড স্পেস না থাকলে নগরে যানজট, পরিবেশ দূষণ, সামাজিক অস্থিরতা বৃদ্ধি পায় এবং একই সাথে নগরের আর্থনীতিক কর্মকাণ্ডে নিরাপত্তা ব্যবস্থায় অনিশ্চয়তার সৃষ্টি হয়। বিশেষকরে ঢাকার মতো দ্রুত বর্ধিষ্ণু শহরে সার্বজনিক স্থান হিসাবে রোড স্পেস কম থাকায় রাস্তাসমূহ যানজটের কারণে জটিল আকার ধারণ করেছে, যা আমরা বাস্তবে প্রত্যক্ষ করছি।

দক্ষিণ এশিয়ার কয়েকটি শহর সাম্প্রতিক সময়ে বিভিন্ন প্রকল্পের আওতায় সার্বজনিক স্থান বাড়ানোর প্রক্রিয়া শুরু করেছে। পুরোনো নাহোরের দেয়াল ঘেরা শহরে রাস্তা প্রশস্ত করার ফলে শহরের ঐ অংশে ব্যবসা বাণিজ্যের প্রসার, আর্থনীতিক সমৃদ্ধি ও জীবনমান উন্নত হয়েছে বলে মনে করা হয়। শ্রীলংকার কান্ডি ও গল শহরে একই ধরনের প্রকল্প গ্রহণ করা হয়েছে। কলম্বো শহরেও পরিকল্পিতভাবে সার্বজনিক স্থান বাড়ানো হয়েছে। বর্তমানে কলম্বোসহ আরো কয়েকটি শহরে Strategic Cities Development Project-এর আওতায় শহরকে গাড়ি প্রধান শহর থেকে পায়ে হাঁটার শহরে রূপদানের চেষ্টা করা হচ্ছে।

বাংলাদেশের শহরে বিশেষ করে ঢাকায় সার্বজনিক স্থানের অপরিপূর্ণতা সর্বজনবিদিত। এখানে আর্থনীতিক ও জনমিতিক চাপের (demographic pressure) কারণে সার্বজনিক স্থানের প্রয়োজনীয়তা এবং এর সুফলের বিষয়টি পরিকল্পনায় এবং ব্যবহারে উপেক্ষা করা হয়। বিষয়টি চমৎকারভাবে উঠে এসেছে Hackenbroch, K. (2013)-এর সম্প্রতি সমাপ্ত পিএইচডি গবেষণায়। এতে দেখা যায় ঢাকার সার্বজনিক স্থানসমূহ অত্যন্ত অপ্রতুল এবং যতটুকু আছে তার অনেকখানি আর্থনীতিক কর্মকাণ্ডে ব্যবহৃত হয়। কখনো কখনো এসব সার্বজনিক স্থান গৃহায়নের কাজেও ব্যবহৃত হয়। এমনটি হবার মূল কারণ ঢাকার মানুষের একটি বড় অংশের জীবনের সাথে পারিসরিকতার (Spatiality) সম্পৃক্ততার দ্বন্দ্ব। যখন তখন যে কোনভাবে তারা জীবনের নানা রকম প্রয়োজনের জন্য (livelihoods) স্পেস বা পরিসর খুঁজতে থাকে। এভাবে তারা ফুটপাথ দখল করে, মাঠে, পার্কে ব্যবসা করে, প্রয়োজনে ঘুমায় ও।

তবে সার্বজনিক স্থানের এধরনের দখল এবং ব্যবহারও খুব সহজ নয়। সার্বজনিক স্থানসমূহ অধিকার করে তার ব্যবহার নিশ্চিত করার বিষয়টি অত্যন্ত প্রতিযোগিতামূলক। এসব স্থানের নানামুখি চাহিদার কারণে স্থানের দখল ও ভোগ প্রায়শই প্রতিদ্বন্দ্বিতামূলক আর সাংঘর্ষিক; যার ফলে এসব স্থান অধিকারের বিষয়ে সহজ কোন সমীকরণ কাজেই আসেনা। বরং এসব স্থান অধিকার ও দখলে রাখার জন্য শক্তি প্রয়োগের প্রয়োজন হয়। ব্যবহারকারীদের প্রয়োজনীয় শক্তি না থাকলে তারা অন্যের শক্তি ব্যবহার করে তাদের প্রয়োজন মেটায়। অন্যের শক্তি বলতে এখানে রাজনৈতিক, আমলাতান্ত্রিক এবং স্থানীয় মাস্তানদের শক্তির প্রতি ইঙ্গিত করা হয়েছে। সার্বজনিক স্থানের এধরনের অপব্যবহারের ফলে শহরে এসব স্থানের পরিমাণ কমছে এবং ক্রমান্বয়ে শহর ও নগরসমূহ প্রাকৃতিক ও নান্দনিক সৌন্দর্য বিবর্জিত অমানবিক জনপদে পরিণত হচ্ছে।

ঢাকার সার্বজনিক স্থান

রাজধানী হিসাবে ঢাকা ৪০০ বছরের পুরাতন নগর। ১৯৭১ সালে স্বাধীন বাংলাদেশের রাজধানী হিসাবে ঢাকা যে গৌরব অর্জন করেছে, বিগত ৪৪ বছরে এই মহানগর সে হিসাবে গড়ে ওঠেনি। ঢাকার বাসযোগ্যতা নিয়ে এজন্য বারবার প্রশ্ন উঠছে। উল্লেখিত আলোচনা থেকে এটাই প্রতীয়মান হয় যে সার্বজনিক স্থানসমূহ একটি নগর বা শহরের বাসযোগ্যতার মাপকাঠি অনেকখানি পূরণ করতে পারে। আমরা এখন ঢাকার সার্বজনিক স্থানের বৈশিষ্ট্য ও ব্যবহার নিয়ে আলোচনা করছি।

ইতিহাসের বিভিন্ন পর্যায়ে ঢাকা একটি সুন্দর বাসযোগ্য এবং ছায়াঘেরা সবুজ শহর ছিল, তার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। স্বাধীনতা উত্তর কালে বাংলাদেশের রাজধানী হিসাবে ঢাকা আরো সৌন্দর্যমণ্ডিত একটি নান্দনিক শহর হতে পারতো। তা হয়নি। কেন হয়নি তার বিশ্লেষণ এখানে প্রয়োজন নেই। বরং যা হয়েছে তাতে দেখা যায় ঢাকা বাংলাদেশের দারিদ্র্য পীড়িত মানুষের আশ্রয়স্থল এবং নানাবিধ আর্থনীতিক কর্মকাণ্ডের শক্তিশালী কেন্দ্র। একই সাথে হয়েছে অপরাপর সকল কর্মকাণ্ডের কেন্দ্রীয়করণ। গ্রাম-নগর অভিবাসনের মাধ্যমে ঢাকা বিগত ৪৪ বছরে ১মিলিয়ন লোকের শহর থেকে ১৫ মিলিয়ন লোকের শহরে পরিণত হয়েছে। এই বিশাল লোকসংখ্যার অল্প ও বস্ত্র সংস্থানের চাইতে আবাসন ও সৌন্দর্যের প্রতীক সার্বজনিক স্থানসমূহ তৈরি ও সংরক্ষণ গুরুত্বপূর্ণ হয়ে উঠেনি। বরং জনসংখ্যার চাপে সার্বজনিক স্থানসমূহ বিলীন হয়েছে অথবা নষ্ট হয়েছে। অনেক কিছু বিলীন ও নষ্ট হবার পরও ঢাকা অনেক সবুজ, এখনো কিছু নদী খাল জীবিত আছে, এখনো ঐতিহাসিক স্থানসমূহ শেষ হয়নি এবং এসব রক্ষার জন্য সুন্দর নীতিমালাও আছে। সমস্যা হলো, নীতিমালা মেনে

চলার সংস্কৃতি গড়ে ওঠেনি, ফলে শহর তৈরির প্রক্রিয়া, নীতি বাস্তবায়ন এবং সামগ্রিক সুশাসনে এতই অদক্ষতার স্বাক্ষর থেকে যাচ্ছে যে এই মহানগরী দিনদিন শ্রীহীন হয়ে পড়ছে।



সৌজন্যে: ঢাকা জীবিতন

মহানগর ঢাকার ভূমিরূপ একটি আদর্শ নগরের চাহিদার অনুরূপ ছিল। এটি ছিল প্রকৃতির অপার অবদান। কিন্তু নগর পরিকল্পনায় ও অপরিবর্তিত নির্মাণে ভূমিরূপের এই বাস্তবতাকে যথেষ্ট উপেক্ষা করা হয়েছে। জনসংখ্যার চাপের কারণে অথবা দূরদর্শিতার অভাবে ঢাকার পারিসারিক বিন্যাসে নির্দিষ্ট কোন স্থাপত্যিক গঠন শৈলী তৈরি হয়নি। সড়ক দৃশ্যসমূহে (street scape) কোন সাদৃশ্য দেখা যায়না। নেই কোন মানসম্মত প্যাটার্ন। সার্বজনিক স্থান হিসাবে যতটুকু স্থান শহরে বিদ্যমান আছে, তা পরিকল্পনাহীনতা ও অপরিবর্তিত ব্যবহারের ফলে সার্বজনিক বৈশিষ্ট্য হারিয়ে ফেলেছে। সর্বোপরি ঢাকা তৈরী হচ্ছে একটি আদর্শহীন মহানগরী হিসাবে।

বর্তমানে ঢাকা মহানগর এলাকার জন্য একটি নতুন স্ট্রাকচার প্রান বা কাঠামো পরিকল্পনা তৈরির কাজ প্রায় শেষের দিকে। এই কাঠামো বা স্ট্রাকচার পরিকল্পনায় নগর দৃশ্যায়নের ক্ষেত্রে বেশ কয়েকটি সমস্যা চিহ্নিত করা হয়েছে। এসব সমস্যার মধ্যে রয়েছে প্রথমতঃ ঢাকার রাস্তার অপ্রতুলতা, সড়ক নির্মাণ বিন্যাসে অসামঞ্জস্যতা, শহর থেকে বাইরে যাওয়া ও ফিরে আসার স্থানগুলোতে জটিল অবস্থা, জলপথসমূহের অবমূল্যায়ন, এবং যাত্রীদের সুবিধা হয় এমনসব ব্যবস্থার অভাব (Sidewalk, restaurant, waiting room, public toilet etc.)। দ্বিতীয়তঃ ঢাকায় দৃষ্টিনন্দন কোন স্কাইলাইন বা ল্যান্ডমার্ক নাই (সংসদ ভবন ছাড়া)। তৃতীয়তঃ সবুজায়ন ও সবুজ চত্বর তৈরিতে ঢাকার ব্যর্থতা। চতুর্থতঃ নির্দিষ্ট নগরপ্রাজা না থাকায় নাগরিক আকর্ষণহীন বহির্জগত (outdoor) তৈরী হয়েছে। পঞ্চমতঃ ঢাকার পায়ে হেঁটে চলার পরিবেশ তৈরি হচ্ছে না বরং যা কিছু ছিল তাও অপ্রাতিষ্ঠানিক ব্যবসায়ীদের দখলে চলে যাচ্ছে। ষষ্ঠতঃ ঢাকার স্বকীয়তা ও আত্মপরিচয় দেয়ার মতো নতুন দিকদর্শন তৈরি হচ্ছে না এবং সপ্তমতঃ ঢাকার ভৌতকাঠামো বা ফরম ও বিন্যাসের সামঞ্জস্যহীন বৃদ্ধি এর ঐতিহ্য ও স্বকীয়তাকে প্রিয়মাণ করে তুলছে।

জনসংখ্যার মানদণ্ডে ঢাকার উন্মুক্ত স্থানের (open space) পর্যাপ্ততা উপেক্ষিত হয়েছে। বর্তমান (২০১৩) বৃহত্তর ঢাকায় (DMR) প্রতি হাজার জনসংখ্যায় বিনোদনমূলক উন্মুক্ত স্থান রয়েছে মাত্র ০.০৭ একর (Dhaka Structure Plan-2016-2035)। DMDP এলাকায় এর পরিমাণ ছিল প্রতি হাজার জনসংখ্যায় মাত্র ০.১৬ একর। DAP-এ (২০১০) এর পরিমাণ বাড়িয়ে হাজারপ্রতি ০.৯৬ একরে উন্নীত করলেও তা অন্য যেকোন বাসযোগ্য শহরের তুলনায় কম ছিল। যেমন, ঢাকার বিনোদনমূলক উন্মুক্ত স্থান কুয়াললামপুরের শতকরা ৬০ ভাগ, হংকং-এর শতকরা ৭৮ ভাগ এবং দিল্লীর শতকরা ৩০

ভাগ। অপরদিকে পাড়া ভিত্তিক ওপেন স্পেস হিসাব করলে দেখা যায় DAP-এ এর পরিমাণ রাখা হয়েছে প্রতি হাজার লোক সংখ্যায় ০.৩২ একর এবং আঞ্চলিক পর্যায়ে ০.২৮ একর। DAP-এর ওপেন স্পেস যদি ব্যক্তি মালিকানায নির্মিত আবাসিক এলাকার সাথে তুলনা করা হয়, তাহলে দেখা যাবে যে DAP কর্তৃক সুপারিশকৃত ওপেন স্পেস প্রাইভেট ডেভেলপারদের রাখা ওপেন স্পেসের চাইতে ১.৬ গুণ বেশী। নতুন খসড়া স্ট্রাকচার প্লানে দেখা যায় ২০৩৫ সালে ঢাকার কেন্দ্রীয় এলাকার লোকসংখ্যা হবে প্রায় ৯০ লাখ। যদি প্রণীত DAP-এর মানদণ্ডে এই প্রাকল্পিত জসংখ্যার জন্য উন্মুক্ত স্থান রাখা হয় তাহলে ঢাকার কেন্দ্রীয় (মেট্রোপলিটন) এলাকার ২৫ শতাংশ উন্মুক্ত স্থান হিসাবে রাখার প্রয়োজন হবে। বাস্তবে যা কোন দিন হয়তো সম্ভব হবে না। আর যদি আমরা উন্নত দেশের উদাহরণ দেই, যেখানে প্রতি হাজার লোকসংখ্যায় ওপেন স্পেস ধরা হয় ১০ একর, তাহলে ঢাকা মেট্রো এলাকার (৩৬০ বর্গ কি. মি.) ৬০ শতাংশ চলে যাবে। এটাও আমাদের জন্য দুঃস্বপ্ন।

নতুন খসড়া কাঠামো পরিকল্পনায় জনসংখ্যার ঘনত্ব ও খালি জায়গা পাওয়া সাপেক্ষে ঢাকা মেট্রো অঞ্চলের (DAP রাজউক এরিয়া) জন্য ২০১০ সালের DAP-এর সুপারিশকৃত উন্মুক্ত স্থান মানদণ্ডের কাছাকাছি একটি সমীকরণ গ্রহণ করা হয়েছে। নতুন পরিকল্পনায় প্রতি হাজার লোকসংখ্যায় ০.৮৬ একর জায়গা উন্মুক্ত স্থান হিসাবে ধরে পুরো এলাকায় ২০৩৫ সাল নাগাদ ২৬ মিলিয়ন মানুষের জন্য ২২,৩৬০ একর (৯০ বর্গ কি.মি.) জায়গা রাখার সুপারিশ করা হয়েছে, যা পুরো রাজউক এলাকার ৬ শতাংশ। নতুনভাবে DAP তৈরির সময় (যার উদ্যোগ ইতোমধ্যে নেয়া হয়েছে) এই ২২,৩৬০ একর জায়গা নগর পার্ক, আঞ্চলিক পার্ক, পাড়াভিত্তিক পার্ক, জলাধার পার্ক, সবুজ বেটনী, খেলার মাঠ ইত্যাদি ব্যবহারে বিন্যস্ত করা হবে। খসড়া পরিকল্পনা কাঠামোয় এই ওপেন স্পেসসমূহ কোথায় কোথায় হতে পারে তার দিক নির্দেশনা দেয়া হয়েছে। বিশেষজ্ঞদের ধারণা, ঢাকার জনসংখ্যার তুলনায় বরাদ্দকৃত এই উন্মুক্ত স্থান অত্যন্ত অপ্রতুল।

এসব পরিকল্পিত উন্মুক্ত স্থানের বাইরে অন্যান্য সার্বজনিক স্থান হিসাবে খসড়া কাঠামো পরিকল্পনায় সড়ক দৃশ্য (street scape), গগনমুখী ভবনের (skyline) পারিপার্শ্বিকতা, বিভিন্ন রকমের ল্যান্ডমার্ক, সবুজ বেটনী, জলাধার, পায়ে হাঁটার পথ, সাংস্কৃতিক, ঐতিহাসিক ও প্রাকৃতিক পরিবেশের সংরক্ষণ ও নির্দিষ্ট স্থাপত্যশৈলীর মাধ্যমে ঢাকাকে একটি বৈশিষ্ট্যমণ্ডিত মহানগরে রূপদানের নীতিও সুপারিশ করা হয়েছে। এসব দিক নির্দেশনার বাস্তবায়ন ও বাস্তব প্রতিফলন নির্ভর করবে রাজনৈতিক সিদ্ধান্ত এবং কঠোর সুশাসনের উপর। সাধারণ মানুষ এবং সুশীল সমাজের ভূমিকাও এক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

উপসংহার ও সুপারিশমালা

নগর সভ্যতার প্রতীক। এই সভ্যতার বিকাশ ও প্রতিফলন হয় নানাভাবে-নগরের আকারে ও প্রকারে, এর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে (নজরুল ইসলাম ২০১২)। নগর পরিবেশ নির্ভর করে নগরের ভৌগোলিক/প্রাকৃতিক পরিবেশ, জনমিতিক পরিস্থিতি, অর্থনৈতিক অবস্থা, যোগাযোগ ও প্রযুক্তি পরিস্থিতি, সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক ব্যবস্থা এবং প্রশাসনিক বা পরিচালন ব্যবস্থার উপর। উল্লেখিত এসব উপাদানের বাস্তব প্রতিফলন ও বিন্যাস দু'ভাবে হতে পারে। প্রথমতঃ ব্যক্তি (private) ও গোষ্ঠি (corporate) পর্যায়ে এবং দ্বিতীয়তঃ সরকার/নগর সরকার ও কম্যুনিটি পর্যায়ে। সরকার ও কম্যুনিটি পর্যায়ের কর্মকাণ্ডসমূহের মাধ্যমে যেসব স্পেস তৈরি হয় সেগুলো সার্বজনিক স্থান হিসাবে বিবেচিত হতে পারে। এসব সার্বজনিক স্থান সাধারণ মানুষের ব্যবহারে ও পদচারণায় নগর জীবন্ত হয়ে উঠে। নগর পরিবেশ হয় শান্তির পরিবেশ। আমরা যে বাসযোগ্য শহরের কথা বলছি, সে বাসযোগ্যতা অনেকখানি এনে দেয় নগরের নানা ধরনের সার্বজনিক স্থান। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময়ও এই সার্বজনিক স্থানসমূহ হতে পারে জীবন রক্ষাকারী স্থান। সার্বজনিক স্থানসমূহের উন্নয়ন ও রক্ষার জন্য নিম্নোক্ত সুপারিশ করা হলো:

- জনসংখ্যার চাপের কারণে যদিও বর্তমান সার্বজনিক স্থানসমূহ হারিয়ে যাচ্ছে সেগুলোকে সুপারিকল্পিতভাবে উদ্ধার করে সাধারণ মানুষের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দিতে হবে। এখানে প্রথমেই আসে রাস্তার পাশের ফুটপাথের কথা। ঢাকাসহ বাংলাদেশের কোন শহরেই সবরকম মানুষের পায়ে হেঁটে চলার পরিবেশ নেই। শহরের বাসযোগ্যতার উন্নতির জন্য এই পায়ে হাঁটার পথ যেকোন মূল্যে দখলমুক্ত করে সাধারণ মানুষের জন্য উন্মুক্ত করে দিতে হবে। একটি শহরের

মর্যাদা এই শহরে কতগুলো গাড়ী চলে তার উপর নির্ভর করেনা। বরং কত মানুষের জন্য শহর হেঁটে চলার সুযোগ দেয় তার উপর নির্ভর করে শহরের মর্যাদা। নিরাপদ ও শান্তির শহর হচ্ছে মর্যাদা ও গৌরবের শহর।

- পৃথিবীর খুব কম শহরের চতুর্দিকে প্রবাহমান নদী আছে। ঢাকা শহরের চারদিকে নদী ও তার দুইপাড়ের ভূমিসমূহ সুপরিকল্পিতভাবে পরিবেশ বান্ধব ও দৃষ্টিনন্দন করে ভূমি ব্যবহার করা যেতে পারে। আধুনিক নগরে পরিবেশ বান্ধব ও নান্দনিক ভূমি ব্যবহার শুধু নাগরিকদের চিন্তা-বিনোদনের সুযোগ বাড়ায় না বরং এখন এটি অর্থনৈতিক ভাবেও লাভজনক।
- ঢাকা শহরে এমনিতেই খোলা জায়গা ও পাবলিক স্পেসের অভাব রয়েছে। এখনো যেসব প্রতিষ্ঠানে খোলা জায়গা যেমন মাঠ, বাগান, জলাশয় ইত্যাদি রয়েছে তা অতিসত্বর আইন করে সংরক্ষণের ব্যবস্থা করা দরকার। প্রয়োজনবাধে ওসব প্রতিষ্ঠান জায়গা সম্প্রসারণের ক্ষেত্রে উর্ধ্বমুখী ভবন তৈরি করেও খোলা জায়গা সংরক্ষণ করতে পারে।
- শহরের উন্মুক্ত স্থান বৃদ্ধির জন্য সরকার ঢাকা শহরের ভেতরে এবং পার্শ্ববর্তী এলাকার নিম্ন অঞ্চলসমূহ সংরক্ষণের আইন করে ভূমি ব্যবহার পরিবর্তন বন্ধ করে দিতে পারে। এ ক্ষেত্রে সবচেয়ে ভালো হবে সরকার যদি ওসব নিচু ভূমি ক্রয় করে তা সংরক্ষণ করে।
- মফস্বল শহরে এখনো অনেক উন্মুক্ত স্থান, ডোবা, নদী ও অন্যান্য জলাশয় রয়েছে। পরিবেশ বিপর্যয় রোধ করলে ওসব ভূমি ব্যবহার সংরক্ষণ করার উদ্যোগ এখনই নেয়া দরকার।
- ঢাকা শহরের অধিকাংশ গাছপালা পাবলিক স্পেসে রয়েছে। ব্যক্তি মালিকানাধীন ভূমিতে গাছপালার জন্য সংরক্ষিত জায়গা অতিদ্রুত কমে যাচ্ছে। আর্থিক বিবেচনায় মানুষ এখন পরিবেশ সংরক্ষণে মনোনিবেশ করছে না। এমতাবস্থায় ঢাকা শহরের প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণের জন্য পাবলিক স্পেসে নিয়মিতভাবে গাছপালা রোপণ, সংরক্ষণ ও এর সৌন্দর্য বর্ধনের ব্যবস্থা গ্রহণ একান্ত দরকার।

তথ্যনির্দেশ

- নজরুল ইসলাম (২০১২) 'পরিবর্তনশীল নগর, উন্নয়ন সম্মাননা' বিশ্ব বসতি দিবস ২০১২, ঢাকা: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- Dhaka Structure Plan 2016-2035 (Draft) (2015) Dhaka: Rajdhani Unnayan Katripakkha (RAJUK).
- Efroymsen, D., Thanh Ha, T.T.K. and Thu Ha, P. (2009) *Public Spaces: How They Humanize Cities*, Dhaka: Health Bridge-WBB Trust.
- Hackenbroch, K. (2013) *Spatiality of Livelihoods: Negotiations of Access to Public Space in Dhaka, Bangladesh*, Germany: Fronz Steiner Verlag.

Public Spaces in Rajuk Area

G.M. Joinal Abedin Bhuiya¹

Introduction

Open space can be defined as un-built lands within the city which provides environmental, social and economic benefits for the communities that cover land and water bodies devoted to recreation, scenic beauty, conservation. In addition to their ecological and aesthetic value to urban dwellers, open spaces are used as recreational facilities either in active or in passive mode. Apart from open space, urban heritage also form an integral part of recreation for domestic and foreign tourists. They are important indicators for livability of towns and cities to ensure health and wellbeing of the citizens.

Scenario Analysis

Open Spaces

In the 1990s only 36% of the core Dhaka city area was under urban use and the rest 61% was non-urban or semi-rural, agriculture use (Islam, 1996: 192). RDP survey (2013) reveals 48% of the entire RAJUK area under urban use and 52% non-urban use. Among these only 1142.42 acres (0.30%) of the land is used for recreational activities, which is significantly low (0.07 acre/1000 population) as compared to other major cities and falls far behind DMDP (0.16 acre/1000 population) or DAP (0.96 acre/1000 population) standards.

The situation will be more critical in 2035 where population will become 8.83 million in core area requiring 25.3% of area (i.e.135.67 sq.km) to be preserved as open space following DAP standards.

In Dhaka, different agencies are responsible for maintaining the public open spaces. Large scale open spaces under PWD (i.e. Sohrawardi Uddayan and majar area, Ramna Park, Shahid Minar, National Assembly Building, Chandrima Uddayan, Anowara Uddayan, National Eidgah Field) covers 302.5 acres land. Besides, DCC maintains local level parks and play grounds constituting about 85.25 acres. Housing and Settlement Directorate has 5.71 acres. Besides, Mirpur Zoo, Botanical Garden, and National Stadium cover 86.33 acres.

Thus, the existing stock of open space within the Core city is about 480 acres. Besides, a number of open spaces are maintained by different institutions and authorities in and around the city where use is reserved. Due to diversity and complexity of management of all these open spaces the total stock of potential open spaces cannot be identified and calculated from reliable sources.

For such difficulty, map of Dhaka city rarely reflect the real stock of open spaces. Within the DMR open spaces under recreational category is 1142.42 acres only, whereas in existing landuse of DAP, 2010 open spaces of all category, including vacant and unused land was 6962.54 acres.

In fact, such anomalies have resulted because of inconsistency in definition and classification of

¹G.M. Joinal Abedin Bhuiya, Chairman, RAJUK

Open Spaces. Different vested groups are taking advantage of such weaknesses of planning process and causing loss of open spaces in due course of time. Therefore, classification of open spaces has to be established and corresponding implementing authorities for respective class needs to be identified.

According to Park, Wetland and Open Spaces Conservation Act 2002, Section (2), open space is defined as a space marked in a master plan as 'open space' or what has been declared as 'open space' by government gazette notification. Such definition is not self-explanatory, rather operational in nature which implies that an open space needs to be identified first by authority and marked as 'Open Space', thereafter approved by gazette notification to be dealt with under this category. As a result, undetermined open spaces are always under threat of land grabbing and total stock remains hidden in disguise. Therefore, it is essential to demarcate the existing stock of open space in a Map for protection and further necessary action.



a. Review of Open Space Standard

City planning practices need some standards of recreational open space to ensure livability. DMDP (1995-2015) standardized 0.16 acres as parks/open space per 1,000 populations which is equivalent to 4 acres of open space as parks as part of community services for 25,000 populations as specified in Urban Area Plan (1995-2005). The DAP proposed the following standards (Table-01) of open space for recreational use:

Table-01: DAP (2010) Proposed Open Space Standards at Neighbourhood Level (12,500 People)

No	Name of the Facility	Quantity		Area		
		Min. (No.)	Max. (No.)	Minimum for Unit Facility	Sub Class Total	Class Total (Acre)
1	Open space			10 Acre		12
	i) Park/children's park	1	2	0.3 Acre	1 Acre	
	ii) Water body/Canal/Pond	As per Planner		1.5 Acre	6 Acre	
	iii) Play field	2	3	1 Acre	3 Acre	
	iv) Green/Vegetation/ Water Front	As per Planner		0.5 Acre	2 Acre	

Source: DAP Reports (2010)

DAP (2010) proposed an optimum standard of 0.96 acre/1,000 population at neighborhood level park and play field as 0.32 acre/1,000. Only B group (DAP) indicated that standard of regional parks and open spaces within DMDP will be 0.28 acres /1000 people. Compared to DAP, the Private Residential Land Development Rules (PRLDR, 2004,) has prescribed a lower Standard of Park and Playground (0.2 acre/1,000 populations). Thus DAP standard prescribed 1.6 times bigger open space than PRLDR and 2 to 6 times of DMDP (1995) standard (0.16 acre/1,000 populations). Varying standards among government bodies and agencies make the situation complex. When compared to South Asian cities in contemporary time, DAP proposed only 60% of Kuala Lumpur; 78% of Hong Kong and only 30% of Delhi. It is also important that DMDP, DAP or PLDA only suggested standards for parks and playgrounds at neighborhood level. Whereas, it is very important that large scale parks and open spaces need to be identified and preserved for recreational purpose of the future citizens.

It is revealed from DAP review that the Central area cannot even accommodate the standard with its meager stock of open spaces. In fact, the standards are set in terms of population without considering the urban fabric, its density, availability of open spaces and their optimum distance from home, etc. As a result livability in Dhaka is being endangered. Indeed, city planning needs to address the uniqueness of Dhaka in setting the standards and classification in its own way.

b. Recommendations

In case of Dhaka city, authority needs to consider the open space stock including the non-traditional types of open spaces for recreational purpose - ensuring accessibility to water bodies; creating green network in the core city; enabling use of open spaces outside the city like forests and agriculture land, etc. Moreover, properly arranged spontaneous open spaces other than parks, playgrounds may also substitute. However, open spaces of different categories need to be placed in optimum distance and with desirable size as shown in the figure below.

Hierarchy of Open Space	Facilities	Size [minimum]	Distance from home [optimum]
Metropolitan Park	General amenity area or woodlands with facilities	150 + acres	2-3 miles
District Park	Children's paly, court games, some special facilities	50-75 acres	3/4 mile
Local Park	Children's paly areas, informal games, quite areas	5-10 acres	1/4 mile
'Mini' Park	Sitting area, flower garden, children's play areas	under 2 acres	less than 1/4 mile

Figure: 01 Types of Urban Recreational Open Spaces

In developed countries, a standard of 10 acres of open space for every 1,000 residents is often used as a basis for estimating the demand for recreational use in a community. Communities frequently require additional lands to provide for the range of facilities desired by its residents and also to accommodate recreational demands from residents in nearby outlying areas.

However, if a 10 acre/1,000 population standard is applied in Dhaka, for 26 million people in 2035, the required open space will be 1052 sq.km, which is about 65% of RAJUK area. Such a standard is simply unattainable and overly ambitious.

Considering the prevailing conditions of Dhaka city, any ambitious and unattainable open space standard following western countries cannot be suggested. A requisite standard needs to be adjusted for different zones in Dhaka, like central city (core) or beyond, based on the density of habitation and availability of open spaces. Among them, park, playground at neighborhood level must be ensured in all urban centers including core area for which DAP proposed standard can be a considerable guide. Besides, city scale open spaces need to be demarcated with easy accessibility, especially for people of densely populated areas with meager scope for open space. Following Table 02 suggest a standard of recreational open spaces within RAJUK area that requires 0.86 acre/1,000population, thereby 22,360 acre (90.46 sq.km) for 26 million population which will be 6% of total area.

Table-02: Open Space Standard for DMDP Area for Each 1000 People

No.	Name of the Facility	Standard acres / population	Size of unit facility acres
I	Open space		
	i) Park/children's park (local park/ mini park within neighbourhood)	1.5 acre/ 12,500 i.e. 0.12 acres/1,000	Under 2 acres & avg. 0.25 acre
	ii) Play field (local play area)	3 acre/ 12,500 i.e.0.24 acre/1,000	3-10 acres
	iii) District Park (within city, intermediate scale)	25 acre /100,000 i.e. 0.25 acres /1,000	50-75 acres
	iv) Metro Park (urban forests/ natural parks out city or on edge, large scale)	25 acre /100,000 i.e. 0. 25 acres /1,000	150 + acres
	Total	0. 86 acres /1,000	

Heritage Sites

Heritage sites and structures include all the historic areas, buildings, monuments or other features or buildings and structures of recognized architectural significance which contribute to the cultural, social, economic, political, artistic or architectural significance. Recognizing the area's unique character these are needed to conserved and preserved to retain the area's historic resources and properties. Built heritage needs to be protected, nourished and nurtured by all citizens and passed on to the coming generations. Appropriate action plans may be prepared by all the concerned agencies for promotion of conservation of the civic and urban heritage, architecturally significant historical landmarks, living monuments, memorials and historical gardens, riverfront, city wall, gates, bridges, vistas, public places, edicts and the ridge. Listing of heritage buildings based on the following criteria:

- The age of the building, its special value for architectural or cultural. justifications or historical periods.

- Its relevance to history, its association with a well-known character or event.
- Its value as part of a group of buildings.
- The uniqueness of the building or any object or structure fixed to the building or forming part of the land and comprised within the cartilage of the building.



Figure-02: Heritage Sites (Tara Mosque) and Historic Buildings (National Parliament) in Dhaka

আমরা এই প্রবন্ধটি আপাতত আর দীর্ঘ করতে চাচ্ছি না। শুধু এরকম একটি প্রশ্ন রাখা যায় যে, রাজধানী ঢাকা (এর ভৌগোলিক অর্থ যাই-ই হোক না কোন) পরিচালন ব্যবস্থাটি কী হওয়া উচিত ও কী হতে পারে। এটি কী একাধিক নগর সরকারের সমন্বয় হবে না কী একটি অত্যন্ত শক্তিশালী উন্নয়ন ও সুশাসন সমন্বয় কমিটি হবে? যদি উত্তরটি সমন্বয় কমিটি হয় তাহলে তা হতে হবে একজন জ্যেষ্ঠ, দক্ষ ও ধীমান মন্ত্রীর নেতৃত্বে। কমিটিতে রাজধানী অঞ্চলের সকল সংসদ সদস্য, সকল মেয়র, মন্ত্রণালয়ের সচিব ও সরকারি সংস্থার প্রধান, বিশেষজ্ঞ ও নাগরিক সমাজের প্রতিনিধি অন্তর্ভুক্ত হবেন। এই কমিটি অবশ্যই সংসদে অনুমোদিত আইনের মাধ্যমে গঠিত হতে হবে। এই কমিটি মাননীয় প্রধানমন্ত্রীর আশীর্বাদপুষ্ট হবে। তিনি এর উপদেষ্টা থাকতে পারেন। কমিটির সভা প্রধানমন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত হলে এর এক ধরনের প্রতীকী উচ্চ-মর্যাদা থাকবে। মাঝে মধ্যে তিনি কমিটির সভায় উপস্থিত থাকবেন। বাস্তবক্ষেত্রে আমরা দেখতে পাই যে, রাজধানীর উন্নয়ন বিষয়ক যে কোন বড় সিদ্ধান্তে প্রধানমন্ত্রীর মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ। বলাবাহুল্য, কমিটি সংক্রান্ত আমার এ প্রস্তাবটি আরেকটি সূচনা প্রস্তাব। অন্যান্য প্রস্তাবও কাজিত ও অভিনন্দনযোগ্য। শেষ কথা হলো, রাজধানীর নগর পরিচালন (Governance) নিয়ে বিস্তারিত আলোচনার আবশ্যিকতা রয়েছে। প্রসঙ্গত আমার নিজের লেখা একটি নিবন্ধের কথা স্মরণ

করতে পারি। এটি লিখিত হয়েছিল মোহাম্মদ হানিফের মেয়র থাকাকালীন সময়ে নগর সরকার গঠনের দাবীর উত্তরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে স্থানীয় সরকার মন্ত্রীকে জনাব জিল্লুর রহমানকে আহবায়ক ও মেয়র মোহাম্মদ হানিফকে যুগ্ম আহবায়ক করে সমন্বয় কমিটি গঠনকে তখন আমার তেমন অর্ধবহ মনে হয় নাই। আমি ১৯৯৭ সনে লিখেছিলাম “এ সমন্বয় কমিটি আরো কার্যকর হওয়া উচিত। আমার ধারণা, মেয়রকে আরো ক্ষমতা দিয়ে তাকে এই কমিটির আহবায়ক করা উচিত। তবে বৃহত্তর ঢাকার জন্য ডিসিসির মেয়রের অধিরিটি নেই, সে কারণে রাজধানীর ভবিষ্যতের কথা চিন্তা করে সম্ভবত এমন একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি করতে হবে যার নেতৃত্বে থাকবেন প্রধানমন্ত্রী নিজে। তাছাড়া বর্তমান কমিটিতে সদস্য হিসেবে রয়েছে শুধু সরকারি সংস্থাসমূহ, তাও সংশ্লিষ্ট সব সংস্থা নয়। কমিটি আরো ব্যাপক হতে পারে। এই কমিটিতে বেসরকারি, ব্যবসায়িক গোষ্ঠির প্রতিনিধিত্ব থাকতে পারে।” একাধিক টিভি টকে আমি একজন জ্যেষ্ঠ মন্ত্রী অথবা উপ-প্রধান মন্ত্রী নিয়োগ করে রাজধানীর সুশাসন নিশ্চিত করার জন্য সুপারিশ করেছি। রাজউকের প্রধান প্রকৌশলী মোঃ এমদাদুল ইসলাম, আমার এই পরামর্শটি অনুসরণ করে (কিন্তু কোন স্বীকৃতি না দিয়ে) সম্প্রতি এরকম পরামর্শই দিয়েছেন রাজউক পরিচালনাধীন ১৫৩০ বর্গ কিলোমিটার এলাকা সমন্বয়ের জন্য (মুক্ত আকাশ, মে, ২০১৫)।

সর্বশেষ, ঢাকার উত্তর সিটি করপোরেশনের মেয়র জনাব আনিসুল হক, ২২ সেপ্টেম্বর, একটি অনুষ্ঠানে জানালেন যে তিনি ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র জনাব মোহাম্মদ সাঈদ খোকন, মাননীয় প্রধানমন্ত্রীর সাথে দেখা করে রাজধানী ঢাকার উন্নয়ন ও সুশাসন (বিশেষত জলাবদ্ধতা ও যানজট সমস্যা) সমন্বয় করার জন্য একটি টাঙ্গফোর্স গঠনের কথা বলেছেন এবং এই টাঙ্গফোর্সের দায়িত্ব নিতে প্রধানমন্ত্রীকেই অনুরোধ জানিয়েছেন (দ্রষ্টব্য: প্রথম আলো, ২৩ সেপ্টেম্বর, ২০১৫)। এই প্রস্তাব আমার ১৯৯৭ সনের প্রস্তাবের কাছাকাছি। তবে আমি বর্তমানে মনে করি, প্রধানমন্ত্রী এরকম একটি টাঙ্গফোর্স বা সমন্বয় কমিটির সরাসরি নেতৃত্বে না নিয়ে বরং তিনি সমন্বয় কমিটির আশীর্বাদক হতে পারেন। সমন্বয় কমিটি কলেবরে বড় হয়ে গেলে, এর ১/৪ সদস্য নিয়ে একটি কার্যকর কমিটি গঠন করা যেতে পারে, যেখানে নির্বাচিত মেয়রগণ মুখ্য ভূমিকা পালন করবেন।

প্রথমেই নির্ধারণ করতে হবে, এই সমন্বয় কমিটির ভৌগোলিক, প্রশাসনিক আওতা কি হবে, কেন্দ্রীয় মেট্রোপলিটান এলাকার ৩৬০ ব.কি. না কি রাজউক অঞ্চলের ১৫২৮ ব.কি.)। দুই অঞ্চলের সমস্যাসমূহ এক নয়। স্থানীয় সরকার বিশেষজ্ঞ অধ্যাপক ড. তোফায়েল আহমেদ ও তার সহ লেখক জনাব বিধান চন্দ্র পাল তাদের রচিত নগরায়ণ ও নগর সরকার: বাংলাদেশের সিটি করপোরেশন গ্রন্থের (ঢাকা, প্রথম, ২০১২) “কেমন নগর চাই” উপসংহার অধ্যায়ে লিখেছেন, “আমাদের ব্যক্তিগত অভিমত, নগর সরকারের ধারণা ও কাঠামোর ক্ষেত্রে বাংলাদেশ ভবিষ্যতে পশ্চিমবঙ্গ ব্যাপি পরিচালিত পুরকাঠামো ও কলকাতা সিটি করপোরেশন ব্যবস্থাটি পর্যালোচনা করে দেখতে পারে। তাছাড়া রাজধানী শহর ঢাকার ক্ষেত্রে একাধিক কাজকর্ম সমন্বয়ের জন্য পুরো রাজউক এলাকা নিয়ে লন্ডন শহরের মতো একটি বিশেষ ধরনের নির্বাচিত কর্তৃপক্ষ সৃষ্টি হতে পারে।”

উল্লেখ্য যে, কলকাতা সিটি করপোরেশনে “মেয়র ইন কাউন্সিল” পদ্ধতি প্রচলিত রয়েছে। সেখানে বিভিন্ন ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলরদের মধ্যে একজন মেয়র নির্বাচিত হন, তাছাড়া একজন ডেপুটি মেয়র ও অনধিক ১০ জন সদস্য কাউন্সিল (বা কেবিনেট) গঠন করেন। মেয়র হলেন করপোরেশনের মুখ্য রাজনৈতিক পরিচালক।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিচালনা বিভাগের অধ্যাপক ড. সারোয়ার জাহান ও বিভিন্ন ফোরামে ‘নগর সরকার’ গঠনের পক্ষে তার অভিমত ব্যক্ত করেছেন। অবশ্য দ্বিধাভিত্তি ঢাকার নতুন বাস্তবতায় ঢাকার নগর সরকার একাধিক হতে হবে।

সবশেষে বলা যায়, রাজধানী ঢাকার পরিচালন বা ‘গভর্নেন্স’ ব্যবস্থা নিয়ে আরো বিস্তারিত চিন্তা-ভাবনা দরকার এবং তা এখন শুরু করা উচিত।

তথ্যসূত্র

ইসলাম, এ. ২০১৫। ঢাকায় উন্নয়ন সমন্বয় ও নগর সরকার, মুক্ত আকাশ, ঢাকা, পৃ. ২৫-২৮

আহমেদ, তো. ও পাল, বি. চ. ২০১২। নগরায়ণ ও নগর সরকার বাংলাদেশের সিটি করপোরেশন, ঢাকা: প্রথম

ইসলাম, ন. ২০১৩। ঢাকা মহানগরীর উন্নয়নে প্রয়োজন সমন্বিত নাগরিক উদ্যোগ, ঢাকা এখন ও আগামীতে, ঢাকা: নগর গবেষণা কেন্দ্র

RAJUK, 1995. Dhaka Metropolitan Development Plan (1995-2015), Dhaka Structure Plan, Vol. I

RAJUK, 1995. Dhaka Metropolitan Development Plan (1995-2015), Vol. II



ঢাকা শহরের পার্ক : একটি পর্যালোচনা

সৈয়দা ইসরাত নাজিয়া^১
কানিজ ফাতেমা^২

নগরবাসীর জন্য প্রয়োজনীয় বিনোদন নিশ্চিতকরণ নগর পরিকল্পনার একটি অবিচ্ছেদ্য অংশ (ইসলাম এবং কালাম, ১৯৯২)। নগর পরিকল্পনার নীতিমালা, লক্ষ্য ও উদ্দেশ্যের মধ্যে সবুজ বলয় (Green Belt), নগরের সৌন্দর্য্য (Urban Aesthetics), নগর স্বাস্থ্য (Urban Health) প্রভৃতি বিষয়সমূহ অন্তর্ভুক্ত। তাই এ বিষয়সমূহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পার্ক ও খেলার মাঠ থাকা আবশ্যিক (ইলাহী এবং রুমী, ২০০৫)। ফলে বলা যায়, পরিকল্পিত নগরের রূপরেখা নির্মাণে পার্কের পারিসরিক বিন্যাস বিশেষ গুরুত্বপূর্ণ নগরের নিজস্ব সত্তা এবং নগরবাসি উভয়ের জন্যই। এই পরিপ্রেক্ষিতে এবছরের (২০১৫) বিশ্ব বসতি দিবস এর জন্য জাতিসংঘ নির্ধারিত প্রতিপাদ্য *Public Spaces for All* অত্যন্ত তাৎপর্যপূর্ণ বিবেচনা করা যায়। ঢাকা বিশ্বের দ্রুত বর্ধনশীল নগরীগুলোর অন্যতম। সামাজিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, প্রশাসনিক ও স্থাপত্যশিল্পসহ নানাবিধ কর্মকাণ্ডের প্রাণ চঞ্চলতায় চার শতাব্দী ধরে গড়ে উঠা দক্ষিণ এশিয়ার অন্যতম শহর ঢাকা (আহমেদ এবং পাল, ২০১২)। ঢাকার ইতিহাস গৌরবময়, অষ্টাদশ শতকে পৃথিবীর সেরা শহরগুলোর মধ্যে একটি ছিল ঢাকা, অবস্থানে দ্বাদশতম (মামুন, ২০০০)। ব্রিটিশ লেখক James Taylor, ১৮২৪ সালে ঢাকা ভ্রমণ করে উল্লেখ করেন, "Dhaka looks like the Venice of the Orient" (নিলুফার, ২০০৪)। ১৭৮০ সালের দিকে ঢাকা ছিল উদ্যান ও বৃক্ষ দিয়ে পরিপূর্ণ এবং ১৮৬৪ সালে প্রথম ঢাকাকে পৌরসভায় রূপান্তর করা হয় (ঢাকা কোষ, ২০১৩)। ১৯০৮ সালে ঢাকা শহরকে গাছপালা দিয়ে সাজানোর পরিকল্পনা আসে প্রকৃতি প্রেমিক মি. হেয়ারের মাধ্যমে। লন্ডনের বিখ্যাত "কিউ" গার্ডেনের ইন্সট্রাক্টর প্রাউডলুকের ওপর ঢাকা নগরীকে বৃক্ষ দিয়ে সাজানোর দায়িত্ব অর্পণ করা হয়। তখন গণপূর্ত বিভাগের অধীনে আরবরিকালচার ওয়ার্কস বিভাগ ঢাকায় গাছপালা ও উদ্যান রচনা শুরু করে (হক, ২০০৩)। নগর জীবন প্রণালী মানুষ ও প্রকৃতির মধ্যে যে ব্যবধান তৈরি করে; পার্ক, সবুজ উদ্যান সে ব্যবধান কমিয়ে আনতে সহায়তা করে। পার্ক নগরের সৌন্দর্য্য বৃদ্ধি ও নগর পরিবেশ ব্যবস্থার উপর গুরুত্বপূর্ণ প্রভাব রাখে। নগর আবাসিক পরিবেশের অর্থ শুধু ব্যাপকসংখ্যক আবাসন সুবিধা, সুন্দর ইমারত নির্মাণই নয়। একইসাথে এমন পরিবেশও তৈরি করা প্রয়োজন যেখানে নগরবাসীদের অবসর বিনোদনের আবশ্যিকীয় সুযোগ সুবিধা থাকে। লেক, পার্ক, সবুজ উদ্যান নগরীয় কর্মব্যস্ততা, ক্রান্তি ও অবসাদের মধ্যে সাধারণ মানুষকে কর্মোদ্যোগী, স্বাস্থ্য সচেতন ও আত্মবিশ্বাসী করে তোলে (আলম এবং ইসলাম, ২০০৬)। নগরীয় ঘনবসতিপূর্ণ এলাকায় প্রকৃতি তথা উদ্ভিদরাজির সমন্বয় যদি না ঘটে তাহলে সৌন্দর্য্যবোধ সৃষ্টি হবার অবকাশ থাকে না (হক, ২০০৩)। পার্ক ও মুক্তাঙ্গন জনাকীর্ণ আধুনিক নগরের ফুসফুস হিসেবে বিবেচিত। তাই পার্ক, মুক্তাঙ্গন, লেক হচ্ছে নগরবাসীদের নিঃশ্বাস প্রশ্বাস গ্রহণের জায়গা। পার্ক, খেলার মাঠ, লেক, বাগান ইত্যাদি নগর পরিকল্পনার অবিচ্ছেদ্য অংশ বিবেচনা করা হয়।

ঢাকা শহরে পার্কের জন্য কতটুকু জায়গা আছে সে সম্পর্কে সুনির্দিষ্ট কোন তথ্য নেই (হক, ১৯৯৫)। এই শহরের পার্ক সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিভিন্ন সময়ে একাধিক সমীক্ষা পরিচালিত হয়েছে, তবে ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) পার্কসমূহের অবস্থান ধরন ও ব্যবস্থাপনা সংক্রান্ত তেমন কোন গবেষণা পওয়া যায় না। সার্বিকভাবে, ঢাকা শহরে সীমিত সংখ্যক গবেষণায় পার্কের প্রসঙ্গটি এসেছে বিচ্ছিন্ন ও অপ্রতুলভাবে, বিশেষ করে বিনোদন কেন্দ্র বা উন্মুক্ত স্থান হিসেবে। বর্তমান প্রবন্ধটি একটি এমএসসি থিসিসের অতি সংক্ষিপ্ত সার। মূলত ঢাকা শহরের পার্কসমূহের এলাকাভিত্তিক বিন্যাস, ধরন ও ব্যবস্থাপনা সম্পর্কে সুস্পষ্ট ধারণা উপস্থাপনের উদ্দেশ্যেই গবেষণাটি পরিচালিত হয়েছিল। পরিবেশ সম্মত বাসযোগ্য সুন্দর নগরী হিসেবে পরিকল্পিতভাবে ঢাকাকে গড়ে তুলতে হলে ঢাকা শহরের পার্ক নিয়ে বিস্তারিত গবেষণার প্রয়োজন অনস্বীকার্য।

^১সৈয়দা ইসরাত নাজিয়া, সহকারী অধ্যাপক, স্থানীয় ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা, এবং যুগ্ম সহযোগী সম্পাদক, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা, ই-মেইল: ishratnaja_21@yahoo.com

^২কানিজ ফাতেমা, গ্রাডুয়েট স্নাতকোত্তর গবেষণা শিক্ষার্থী, স্থানীয় ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা, ই-মেইল: joyitakaniz@yahoo.com

ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) পার্কসমূহের পারিসরিক বিন্যাস

ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) এর পার্কসমূহের পারিসরিক বিন্যাস সম্পর্কিত দ্বিতীয় পর্যায়ে প্রাপ্ত তথ্যসমূহে পার্কের সংখ্যার বিভিন্নতা রয়েছে। এই বিভিন্ন দূরীকরণের লক্ষ্যে ঢাকা শহরের পার্কসমূহকে সরেজমিনে পর্যবেক্ষণের মাধ্যমে একটি তালিকা প্রস্তুত করা হয়েছে, যেখানে ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) এলাকায় সর্বমোট ৬৫টি পার্কের অবস্থান পাওয়া যায়। এরমধ্যে ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) আওতাধীন পার্কের সংখ্যা ৫৭টি, আরবরিকালচার, গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন পার্কের সংখ্যা ৬টি এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়, বন অধিদপ্তরের আওতাধীন পার্ক ২ টি (প্রত্যক্ষ পর্যবেক্ষণ, ২০১৩)। অর্থাৎ ঢাকা শহরের মোট ৬৫টি পার্ক ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ), গণপূর্ত বিভাগ, পরিবেশ ও বন মন্ত্রণালয় ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করছে। ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) জোন ও ওয়ার্ড ভিত্তিক পার্কের অবস্থানিক উপাত্ত বিশ্লেষণে দেখা যায়, ৯২টি ওয়ার্ড এর মধ্যে ৩০টি ওয়ার্ডে পার্ক বিদ্যমান। সর্বাধিক পার্কের সংখ্যা ১৪টি জোন নং-৬ এ এবং সবচেয়ে কম ১টি, জোন নং- ১০ এ অবস্থিত। অন্যদিকে জোন নং ৭ এ কোন পার্কের অবস্থান পাওয়া যায় নি (সারণি-১)। পাছকুঞ্জ পার্ক উত্তর ও দক্ষিণ উভয় সিটি কর্পোরেশনের তালিকায় বিদ্যমান থাকলেও সরেজমিন পর্যবেক্ষণে এই পার্কের অবস্থান পাওয়া গেছে উত্তর সিটি কর্পোরেশনে।

সারণি-১ : ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) আওতাধীন পার্ক (জোন ও ওয়ার্ড ভিত্তিক বিস্তরণ)

জোন/ওয়ার্ড	ওয়ার্ড নম্বর	ওয়ার্ডে পার্কের সংখ্যা	জোনে মোট পার্কের সংখ্যা
১	৭৫	১	৬
	৭৭	২	
	৮৪	২	
	৮৫	১	
২	৬৮	১	৬
	৬৯	১	
	৭০	১	
	৭১	২	
	৭৮	১	
৩	৪৮	১	৬
	৫৮	১	
	৫৯	১	
	৬০	১	
	৬৩	১	
	৬৫	১	
	৬৬	১	
৪	২৩	১	৩
	৩২	২	
৫	৪৯	২	৬
	৫১	১	
	৫৬	৩	
	৫৭	৩	
৬	৩৯	৪	১৪
	৪১	১	
	৪২	১	
	৪৪	৩	
	৪৫	৫	
৭	-	-	-
	-	-	
৮	৪	২	৩
	৮	১	
৯	১৮	২	১২
	১৯	১০	
১০	১	১	১
মোট জোন= ১০	মোট ওয়ার্ড =৩০		মোট পার্ক = ৫৭

উৎস: প্রত্যক্ষ জরিপ, ২০১৩।

ডিসিসি এর ৯২ টি ওয়ার্ড এর মধ্যে সাবেক ১ থেকে ২৩ নং , ৩৭ থেকে ৪৭ নং , ৫৪, ৫৫ নং সহ মোট ৩৬টি ওয়ার্ড ডিএনসিসির অন্তর্ভুক্ত এবং ২৪ থেকে ৩৬, ৪৮ থেকে ৫৩, ৫৬ থেকে ৯২ নং ওয়ার্ড অর্থাৎ ৫৬ টি ওয়ার্ড ডিএসসিসির অন্তর্ভুক্ত (প্রথম আলো, ডিসেম্বর ২০১১)। প্রদত্ত তথ্যানুযায়ী সমগ্র ঢাকা সিটি কর্পোরেশনের ৫৭ টি পার্কের মধ্যে ডিএনসিসি তে ২৯ টি এবং ডিএসসিসি তে ২৭ টি পার্ক আছে (সারণি -১)।

ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) পার্কসমূহের বর্তমান অবস্থা

রাজধানীর জন্য শতকরা ২৫ ভাগ পার্ক/খোলা জায়গা/উদ্যান থাকলেও বাস্তবে এই পরিসংখ্যান ১০ শতাংশের নিচে (ইসলাম, ২০০৩)। আবার যেগুলো আছে সেগুলোর যথাযথ উন্নয়ন না হওয়ায় ব্যবহারের অনুপযোগী। সমীক্ষায় দেখা যায় সিটি কর্পোরেশন দুইটির (ডিএসসিসি এবং ডিএনসিসি) তালিকাভুক্ত ৫৭ টিপার্কের মধ্যেকারেকটি পার্কের প্রকৃত অবস্থানাই। আবার পার্ক বেদখল, যথাযথ উন্নয়ন, সংস্কার ও পরিচ্ছন্নতায় অভাবসহ নানাবিধ সমস্যায় জর্জরিত এই শহরের পার্কসমূহ। পার্ক গুলোতে শিশুদের জন্য নেই পর্যাপ্ত সংখ্যক খেলার সরঞ্জাম। বেশ কিছু পার্কে শিশুদের খেলাগুলো পরিত্যক্ত অবস্থায় রয়েছে। পার্কের শ্রেণীবিভাগ অনুসারে ডিসিসির পার্কগুলোর (ছোট আকৃতির এবং মধ্যম আকৃতির) ন্যূনতম কতগুলো বৈশিষ্ট্য থাকা প্রয়োজন যেমন-উন্ডুল ও পরিষ্কার পরিচ্ছন্ন স্থান, নিরিবিঘ্ন ও শান্তিপূর্ণ পরিবেশ, শিশুদের খেলাধুলা করার সরঞ্জাম (অযান্ত্রিক), ব্যায়ামের সরঞ্জাম, হাঁটাহাঁটি ও জগিং করার জন্য পায়ে হাঁটা পথ, বসার বেঞ্চ, টয়লেট, ঝড় বৃষ্টিতে আশ্রয়ের জন্য নিরাপদ ছাউনী, ঘাস দ্বারা মাঠ আবৃত ও পাছপালা, রাতে আলোর ব্যবস্থা, পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা এবং প্রয়োজনীয় জনবল ইত্যাদি। এই বৈশিষ্ট্যগুলোর পরিপ্রেক্ষিতে বর্তমান সমীক্ষার অর্থাৎ ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) ৫৭ টি পার্কের ব্যবহার বিশ্লেষণে দেখা যায়, ২৪টি পার্ক চলমান রয়েছে, এর মধ্যে ২০টি পার্ক সব বয়সী নাগরিকের জন্য এবং ৪টি পার্ক শিশুদের ব্যবহারের জন্য। বাকী পার্কগুলোর মধ্যে ৫টি পার্কের সন্ধান পাওয়া যায়নি, সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে ৫টি পার্ক, ৮টি পার্ক আংশিক বন্ধ বা অবৈধ দখলে, ৪টি পার্ক সড়ক দ্বীপ এবং ১১টি পার্ক ঈদগাহ মাঠ, ক্লাবের মাঠ এবং খেলার মাঠ হিসেবে ব্যবহৃত হচ্ছে (সারণি-২)।

সারণি-২: বর্তমানে ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) পার্কের অবস্থা

পার্কের ব্যবহার	সংখ্যা
শিশু পার্ক	৪টি (সরকারি - ২টি, বেসরকারি -২টি)
পার্কের সন্ধান পাওয়া যায়নি	৫টি
সম্পূর্ণ বন্ধ পার্ক	৫টি
আংশিক বন্ধ বা অবৈধ দখল বা স্থাপনা বা পরিত্যক্ত পার্ক	৮টি
সড়কদ্বীপ/সড়কের নিসর্গ হিসেবে ব্যবহৃত পার্ক	৪টি
ঈদগাহ মাঠ, ক্লাবের মাঠ এবং খেলার মাঠ হিসেবে ব্যবহৃত পার্ক	১১টি
বর্তমানে পার্ক হিসেবে ব্যবহৃত পার্কের সংখ্যা	২০টি
মোট	৫৭টি

উৎস: প্রত্যক্ষ পর্যবেক্ষণ, ২০১৩।

ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) চলমান পার্কের (জোন ও ওয়ার্ডভিত্তিক) বিস্তারণ

চলমান পার্কের উপাত্ত বিশ্লেষণে দেখা যায় বর্তমানে ১০টি জোনের মধ্যে চলমান ২৪টি পার্ক ৯টি জোনে অবস্থিত। ৭ নং জোনে কোন পার্ক নাই। এর মধ্যে সর্বোচ্চ সংখ্যক ৮টি পার্ক রয়েছে জোন নং-৯ এ, ৪টি পার্ক ৬নং জোনে, ৩টি করে পার্ক ২ ও ৫ নং জোনে অবস্থিত। জোন নং ১, ৪, ৮, ১০ এ ১টি করে পার্ক অবস্থিত (সারণি-৩)।

সারণি-৩: ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) চলমান পার্কের (জোন ও ওয়ার্ড ভিত্তিক) বিস্তরণ

জোন/অঞ্চল	ওয়ার্ড নম্বর	ওয়ার্ডে পার্কের সংখ্যা	জোনে মোট পার্কের সংখ্যা
১	৭৫	১	১
২	৬৮	১	৩
	৬৯	১	
	৭৮	১	
৩	৫৯	২	২
৪	৩২	১	১
৫	৫১	১	৩
	৫৬	২	
৬	৩৯	১	
	৪১	১	
৮	৪২	১	৪
	৪৫	১	
	-	-	
৮	৪	১	১
৯	১৮	২	
	১৯	৬	
১০	১	১	১
মোট জোন = ১০	মোট ওয়ার্ড = ১৫		মোট পার্ক = ২৪

উৎস: প্রত্যক্ষ জরিপ, ২০১৩।

আয়তনের ভিত্তিতে পার্কের শ্রেণীবিভাগ

ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ) আওতাধীন ৫৭ টি পার্কের মধ্যে সর্বনিম্ন পার্কের আয়তন ০.০৩ একর (বংশাল ট্রায়ঙ্গেল পার্ক) এবং সর্বোচ্চ পার্কের আয়তন ২২.১০ একর (ওসমানী উদ্যান) (www.dhakacity.org, june 2013)। National Recreation and Park association (NRPA), www.nrpa.org, 2013 এবং Rangwala (2003) -এর পার্কের শ্রেণীবিভাগ অনুসারে ডিসিসি'র পার্কগুলো ছোট পার্ক (Mini Park/Small Park), প্রতিবেশিক/এলাকা ভিত্তিক পার্কের (Neighborhood Park) অন্তর্গত। এই পার্কগুলোর আয়তন ২৫০০ বর্গফুট থেকে ১০ একরের মধ্যে (সারণি-৪)। সমীক্ষাকৃত পার্কসমূহের মধ্যে সর্বোচ্চ ৪২টির আয়তন ২৫০০ বর্গফুট হতে ২ একরের মধ্যে। এরপর যথাক্রমে ৯টি পার্কের আয়তন ২ একরের বেশি হতে ৪একর, ৫টি পার্কের আয়তন ৫ হতে ১০ একর এবং ১টি পার্কের আয়তন ১০ একর এর বেশি (সারণি-৪)।

সারণি-৪ : ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) পার্কের শ্রেণীবিভাগ

আয়তন	পার্কের নাম	সংখ্যা
২৫০০ বর্গফুট-২ একর	ছোট আকৃতির পার্ক (Mini Park/Small Park)	৪২
২ একরের বেশি-৪ একর	ছোট আকৃতির পার্ক (Mini Park/Small Park)	৯
৫-১০ একর	প্রতিবেশি পার্ক (Neighborhood Park)	৫
১০ একরের বেশি	মধ্যম আকৃতির পার্ক (Medium size park)	১
		মোট = ৫৭ টি পার্ক

উৎস: www.dhakacity.org, www.nrpa.org, 2013 এবং Rangwala, 2003

বর্তমান চলমান পার্কসমূহের ব্যবস্থাপনা

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এলাকায়বর্তমানে চলমান পার্কসমূহের ব্যবস্থাপনায় ৪টি প্রধান প্রতিষ্ঠানকে চিহ্নিত করা যায়: যথা-ঢাকা উত্তর সিটি করপোরেশন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, সরকারি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ)/বেসরকারি সংস্থা (মূলত ইজারাদার) এবং সিভিল সোসাইটি। এই চারটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট পার্কসমূহ পরিচালিত হয়।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন পার্কসমূহের ব্যবস্থাপনা

বর্তমান সমীক্ষায় প্রাপ্ত উপাত্ত অনুসারে সারণি-৫ বিশ্লেষণ করে দেখা যায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মোট ১৪টি পার্কের মধ্যে ৭টি পার্ক উত্তর সিটি কর্পোরেশনের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়, এছাড়া ২টি পার্ক বেসরকারিভাবে ইজারাদারদের মাধ্যমে এবং ৫টি পার্ক বিভিন্ন সিভিল সোসাইটির মাধ্যমে পরিচালিত হয়।

সারণি-৫ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন পার্কের ব্যবস্থাপনা প্রতিষ্ঠানসমূহ

প্রতিষ্ঠানসমূহ	পার্কের নাম	পার্কের সংখ্যা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	বনানী লেক পার্ক, গুলশান তালতলা পার্ক/শহীদ ডাঃ ফজলে রাশিদ পার্ক, শ্যামলী পার্ক, পল্লবী শিশু পার্ক, মোহাম্মদপুর তাজমহল রোড পার্ক, উত্তরা ৭ নং সেক্টর পার্ক, ওয়ান্ডারল্যান্ড পার্ক	৭টি
বেসরকারি ও ইজারাদার	শ্যামলী শিশু পার্ক/ শিশু মেলা, পাহাড়পুর পার্ক	২টি
সিভিল সোসাইটি	বনানী শিশু পার্ক/বৈশাখী পার্ক, বারিধারা পার্ক, বারিধারা নাসরিনী পার্ক/বারিধারা লেক সাইড রাজউক পার্ক, গুলশান পার্ক/গুলশান লেক পার্ক/এরশাদ পার্ক, গুলশান সেন্ট্রাল পার্ক/ গুলশান ট্যাকে পার্ক/ রত্নপতি বিচারপতির সাহাবুদ্দিন আহমদ পার্ক	৫টি
	মোট পার্ক	১৪টি

উৎসঃ প্রত্যক্ষ জরিপ, ২০১৩।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন পার্কসমূহের ব্যবস্থাপনা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন মোট ১০টি পার্কের মধ্যে ৮টি পার্ক দক্ষিণ সিটি কর্পোরেশনের নিজেস্ব তত্ত্বাবধানেপরিচালিত হয়, এছাড়া ১টি পার্ক বেসরকারিভাবে ইজারাদারদের মাধ্যমে এবং ১টি পার্ক সিভিল সোসাইটির মাধ্যমে পরিচালিত হয় (সারণি ৬)।

সারণি-৬ঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন পার্কের ব্যবস্থাপনা প্রতিষ্ঠানসমূহ

প্রতিষ্ঠানসমূহ	পার্কের নাম	পার্কের সংখ্যা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বাহাদুর শাহ পার্ক / ভিক্টোরিয়া পার্ক, গুলিস্তান পার্ক / শহীদ মতিউর পার্ক, সিরাজ উদ্দৌলা পার্ক, নবাবগঞ্জ পার্ক/ নবাবগঞ্জ শিশু পার্ক, মিলপাও শিশু পার্ক, ওসমানী উদ্যান, সেন্ট্রাল শিশু পার্ক/ শহীদ জিয়া শিশু পার্ক, কলাবাগান লেক সার্কাস পার্ক/শেখ রাসেল শিশু পার্ক	৭টি
বেসরকারি ও ইজারাদার	স্বামীবাগ পার্ক/ স্বামীবাগ ওয়ান্ডারল্যান্ড পার্ক	১টি
সিভিল সোসাইটি	নাজিরাবাজার পার্ক/শহীদ খালেক পার্ক	১টি
	মোট পার্ক	১০টি

উৎসঃ প্রত্যক্ষ জরিপ, ২০১৩

সরকারিও বেসরকারি ব্যবস্থাপনা প্রতিষ্ঠান

ঢাকা সিটি করপোরেশন এলাকার (উত্তর ও দক্ষিণ) ৫৭টি পার্কের ব্যবস্থাপনা স্থানীয় সরকার বিশেষ করে স্থানীয় নগর প্রশাসনের মাধ্যমে পরিচালিত হয় যদিও এই ৫৭টি পার্কের মধ্যে বর্তমানে সক্রিয় পার্কের সংখ্যা ২৪টি, বাকিগুলো বন্ধ, পরিত্যক্ত অথবা অবৈধ দখলের শিকার (প্রত্যক্ষ পর্যবেক্ষণ, ২০১৩)। অন্যদিকে সিটি করপোরেশনের তত্ত্বাবধায়নের বাইরেও সরকারিভাবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে ৬টি পার্ক পরিচালিত হয়; এগুলো হল-রমনা পার্ক ও নার্সারী, ওসমানী উদ্যান ও মিলনায়তন, সোহরাওয়ার্দী উদ্যান, জাতীয় সংসদ ভবন (উত্তর ও দক্ষিণ প্রাঙ্গণ), চন্দ্রিমা উদ্যান (জিয়া উদ্যান) এবং আনোয়ারা উদ্যান। আবার পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ২টি পার্কই বেসরকারিভাবে ইজারাদারদের মাধ্যমে পরিচালিত হয়; পার্কগুলো হল-জাতীয় উদ্ভিদ উদ্যান এবং বলধা গার্ডেন (সারণি-৭)।

সারণি-৭: সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনা প্রতিষ্ঠান

প্রতিষ্ঠানসমূহ	পার্কের নাম	পার্কের সংখ্যা
গণপূর্ত অধিদপ্তর	রমনা পার্ক ও নার্সারী, ওসমানী উদ্যান ও মিলনায়তন, সোহরাওয়ার্দী উদ্যান, জাতীয় সংসদ ভবন (উত্তর ও দক্ষিণ প্রাঙ্গণ), চন্দ্রিমা উদ্যান (জিয়া উদ্যান), আনোয়ারা উদ্যান	৬টি
বন অধিদপ্তর এবং বেসরকারি ইজারাদার	জাতীয় উদ্ভিদ উদ্যান, বলধা গার্ডেন	২টি
মোট পার্ক		৮টি

উৎস: প্রত্যক্ষ জরিপ, ২০১৩

পার্ক ব্যবহারকারীরা যে সকল অসুবিধার সম্মুখীন হন

সমীক্ষাকৃত উত্তরদাতাদের মধ্যে শতকরা প্রায় ১৭ভাগের মতে পার্কসমূহে সকল ধরনের সমস্যা (বিশেষত অপরিষ্কার সেবা, অপরিচ্ছন্ন পরিবেশ, নিরাপত্তার অভাব, হকার, বেদে, ভিক্ষুকের উৎপাত, ব্যবস্থাপনার অভাব প্রভৃতি) বিদ্যমান। অন্যদিকে ৮ শতাংশ উত্তরদাতা সংশ্লিষ্ট পার্কে কোন সমস্যা নেই বলে মনে করেন। এছাড়া ২২ শতাংশ দূষিত/ নোংরা ও অপরিচ্ছন্ন পরিবেশ, পর্যাপ্ত সংখ্যক বেঞ্চের অভাব, পর্যাপ্ত সংখ্যক টয়লেটের অভাব, অসামাজিক কার্যকলাপ/ অশ্লীল ও অস্বস্তিকর দৃশ্য এবং ঝড় বৃষ্টিতে নিরাপদ আশ্রয়ের অভাবকে চিহ্নিত করেন।

পার্কের সমস্যা সমাধানে ব্যবহারকারীদের সুপারিশ

সমীক্ষাকৃত পার্কগুলোর সমস্যাসমূহ নিরসনের জন্য সমীক্ষাকৃত উত্তরদাতারা বিভিন্ন পরামর্শ দিয়েছেন। এর মধ্যে প্রায় ৩২ শতাংশ পার্কসমূহে খাবার পানির ব্যবস্থা করা, নতুন টয়লেট স্থাপন ও পুরাতন টয়লেট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, পার্কের সার্বিক পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলার ব্যবস্থা করা ও পর্যাপ্ত সংখ্যক ডাস্টবিন দেওয়া। এছাড়াও অন্যান্য পরামর্শের মধ্যে বসার অবকাঠামো তৈরি, ঝড় বৃষ্টিতে নিরাপদ ছাউনির ব্যবস্থা করা, পায়ে হাঁটা পথ মেরামত করা, পার্কের নাম সন্মিলিত সাইনবোর্ড লাগানো, সাউন্ড সিস্টেমের ব্যবস্থা করা, নিরাপত্তা প্রহরী রাখা এবং রাতে আলোর ব্যবস্থা করা প্রভৃতি উল্লেখ করেন।

উপসংহার ও সুপারিশমালা

বর্তমান সমীক্ষায় প্রাপ্ত ফলাফল বিশ্লেষণে বলা যায় যে, ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) মোট পার্কের সংখ্যা ৬৫টি। এর মধ্যে ঢাকা সিটি কর্পোরেশনের (উত্তর ও দক্ষিণ) তত্ত্বাবধায়নে পরিচালিত মোট পার্কের সংখ্যা ৫৭টি, তবে বর্তমানে সক্রিয় রয়েছে মাত্র ২৪টি। সমগ্র সিটি কর্পোরেশন এলাকায় শিশু পার্কের সংখ্যা মাত্র ৪ টি (২টি সরকারি; এর মধ্যে ১টি নির্মাণাধীন এবং ২ টি বেসরকারি)। যা নগরের চাহিদার তুলনায় অপ্রতুল বিবেচনা করা যায়। আবার আয়তনের দিক থেকে ৫৭টি পার্কের মধ্যে ৪২টি পার্কের আয়তন মাত্র ২৫০০ বর্গফুট থেকে ২ একরের মধ্যে। অর্থাৎ নগর পরিকল্পনার আদর্শ মান বিবেচনায় অধিকাংশ পার্কই ছোট আকৃতির এবং বৃহৎ আকারের পার্ক নাই বললেই চলে। আবার পার্কের ব্যবস্থাপনায়ও রয়েছে যথেষ্ট ভিন্নতা; যেমন, ডিএনসিসি এবং ডিএসসিসির সক্রিয় ২৪ টি পার্কের মধ্যে সরকারিভাবে ১৫টি, বিভিন্ন সোসাইটির মাধ্যমে ৬টি এবং বেসরকারিভাবে ইজারাদারদের দ্বারা ৩টি পার্ক পরিচালিত হচ্ছে। যার ব্যবস্থাপনায় নানাবিধ জটিলতা লক্ষ্য করা গেছে। এর মধ্যে রয়েছে; একই পার্কের ব্যবস্থাপনায় একাধিক প্রতিষ্ঠানের সমন্বয়হীন কার্যক্রম, প্রশিক্ষিত প্রয়োজনীয় জনবল এবং সঠিক পরিকল্পনার অভাবে পার্কসমূহের স্বাভাবিক সৌন্দর্য ব্যাহত

হচ্ছে। এগুলো সাধারণ জনগোষ্ঠীর কাছে অনিরাপদ, অপরিচ্ছন্ন এবং ভাসমান জনগোষ্ঠীর আশ্রয়স্থলে হিসেবে ব্যবহৃত হচ্ছে। তাই সমীক্ষাকৃত উত্তরদাতারা পার্কের বিভিন্ন ধরনের সমস্যার উল্লেখ করেছেন, যেমন- মাদক ব্যবসা ও মাদকাসক্তের আড্ডা, আসামাজিক কার্যকলাপ, বখাটোদের উৎপাত, নিরাপত্তাজনিত সমস্যা, পরিষ্কার-পরিচ্ছন্ন টয়লেটের অভাব ইত্যাদি। তাই এসকল সমস্যা সমাধান করে পার্কগুলোকে সুব্যবস্থাপনার মাধ্যমে অর্থনৈতিকভাবে, নান্দনিকভাবে নগরবাসিনদের কাছে একটি মনোরম স্থান হিসাবে গড়ে তুলতে হবে। বর্তমান সমীক্ষাটিতে ঢাকা শহরের পার্ক সম্বন্ধে একটি বাস্তব চিত্র পাওয়া যাবে। যা নগর পরিকল্পনাবিদ, গবেষক, উন্নয়নকর্মীদের নগর পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সহায়তা করবে বলে আশা করা যায়।

সমীক্ষাকৃত ফলাফলের পরিশ্রেফিকিতে ঢাকা শহরের পার্কসমূহকে আরো সুন্দর, আকর্ষণীয় ও সমস্যামুক্ত করার লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করা যেতে পারে:

- পার্কের অবকাঠামো সংস্কারসহ পার্কের আধুনিকায়ন ও পরিকল্পিতভাবে পার্ক গড়ে তোলা। পার্কের জায়গা সংরক্ষণ করা এবং রাজনৈতিক প্রভাব ও ব্যবহারমুক্ত রাখা।
- পার্ক ব্যবহারকারীরা যাতে পার্কের সুষ্ঠু ও সুন্দর পরিবেশ বজায় রাখে সেদিকে যথাযথ কর্তৃপক্ষকে সজাগ থাকতে হবে। পার্ক অবৈধ দখলমুক্ত করতে হবে।
- সুষ্ঠু সুন্দর ব্যবস্থাপনা ও সেবার মান বৃদ্ধি করার জন্য ম্যনুয়াল প্রবেশমূল্য পুনর্নির্ধারণ করা যেতে পারে।
- পার্ক ব্যবস্থাপনাকারী প্রতিষ্ঠান, উন্নয়ন ও সেবা প্রতিষ্ঠানের মধ্যে কার্যকরী সমন্বয় স্থাপন করতে হবে।
- বিদ্যমান শিশুপার্ক গুলোকে বৈচিত্র্যময় ও আকর্ষণীয় করার উদ্দেশ্যে সংস্কার, আধুনিকায়ন ও নতুন নতুন খেলার উপকরণ সংযোজন করা, প্রয়োজনে নতুন শিশুপার্ক স্থাপন করা যেতে পারে।
- পথ নাটক, পোস্টারিং, গিফলেট, বিজ্ঞাপন ইত্যাদির মাধ্যমে জনগনকে পার্ক ব্যবহার সম্বন্ধে সাধারণ জনগোষ্ঠীকে সচেতন করা যেতে পারে।

তথ্য নির্দেশ

আহমেদ, ডো., এবং পাল, বি. চ. ২০১২। নগরায়ণ ও নগর সরকার বাংলাদেশের সিটি কর্পোরেশন, ঢাকা: প্রথম প্রকাশন।

আহমেদ, শ. উ. ২০১৩। ঢাকা কোষ (Encyclopedia of Dhaka), ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি।

আলাম, মো. শ. এবং ইসলাম, প্র. ন. ২০০৬। এক নজরে ঢাকা মহানগরী (১ম খণ্ড), ঢাকা: বিয়াম ফাউন্ডেশন, সেন্টার ফর আরবান স্টাডিজ ও ঢাকা সিটি কর্পোরেশন।

আলাম, মো. শ. এবং ইসলাম, প্র. ন. ২০০৬। এক নজরে ঢাকা মহানগরী (২য় খণ্ড), ঢাকা: বিয়াম ফাউন্ডেশন, সেন্টার ফর আরবান স্টাডিজ ও ঢাকা সিটি কর্পোরেশন।

ইসলাম, এ. ২০০৪। জাতীয় উদ্ভিদ উদ্যান ও বন্যা উদ্যান পরিচিতি, এ. বি. এম জাওয়ারের হোসেন সম্পাদিত, ঢাকা: বন অধিদপ্তর, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

ইসলাম, এ. শ. এবং কালাম, এ. কে. এম. আ. ১৯৯২। ঢাকা মহানগরীর বিনোদন ব্যবস্থায় চিড়িয়াখানা ও বোটানিক্যাল গার্ডেনের ব্যবহারিক বৈশিষ্ট্য, ভূগোল পত্রিকা, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সংখ্যা: ১১, পৃ: ৯৯-১০৮।

ইসলাম, ন. ২০১৩। উন্নয়নে নগরায়ণ, ঢাকা: মাওলা ব্রাদার্স।

ইলাহী, কে. ম., এবং রমী, সৈ. র. আ. ২০০৫। নগর ভূগোল সাম্প্রতিক ধারা, ঢাকা: ভেন্টা বুকস।

হক, আ. মা. ২০০৩। ঢাকার উদ্যান ও বৃক্ষ, অধ্যাপক ড. ইকতেখারউল আউয়াল সম্পাদিত, ঐতিহাসিক ঢাকা মহানগরী: বিবর্তন ও সন্ধাননা, ঢাকা: বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহাবাগ।

মামুন, মু. ২০০০। ঢাকা স্মৃতি-বিশ্মৃতির নগরী (১ম খণ্ড), ঢাকা: অনন্যা প্রকাশন।

ঢাকা সিটি কর্পোরেশন (ডিসিসি) উত্তর ও দক্ষিণ ওয়ার্ড তালিকা (২০১১, ডিসেম্বর ১১)। দৈনিক প্রথম আলোঃ ঢাকায় থাকি, পৃ: ৬।

Bangladesh Geographical Society (BGS), Department of Geography and Environment, University of Dhaka.

Nilufar, Dr. F. 2004. Urban Life and Public Open Space in Dhaka (Published Thesis). Assistant Professor, Department of Architecture, BUET: Dhaka. Rangwala, S.C 2003. Town Planning. New Delhi: Charotar Publishing House.

আবাসন সুবিধা প্রদান ও পাবলিক প্লেস বিনির্মাণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সংকলনে: মো: মনিরুল হুদা^১

পটভূমি

বেঙ্গল প্রেসিডেন্সিতে ১৭৮৬ সালে সরকারের পূর্ত কাজ সম্পাদনের লক্ষ্যে PWD প্রতিষ্ঠা লাভ করে। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর কাজের গুরুত্ব বেড়ে যাওয়ায় PWD 'র উপর সার্বিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার পূর্ত, সেচ এবং বিদ্যুৎ বিভাগ নামে একটি মন্ত্রণালয় প্রতিষ্ঠা করে। ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সূষ্ঠ ও পরিকল্পিত নগর উন্নয়ন ও সরকারের পূর্ত কাজে গতিশীলতা বৃদ্ধি ও জন্য 'পূর্ত ও নগর উন্নয়ন মন্ত্রণালয়' নামে একটি পৃথক মন্ত্রণালয় প্রতিষ্ঠা করেন। ১৯৮৭ সালে এটি 'গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়' নামে পুনর্গঠিত হয়। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর এ মন্ত্রণালয় বাস্তবানুগ, স্বল্প ও দীর্ঘমেয়াদী সূষ্ঠ পরিকল্পনা ও গবেষণার মাধ্যমে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য টেকসই, নিরাপদ ও সশ্রয়ী আবাসন, পরিকল্পিত নগরায়ন এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার জন্য আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন অবকাঠামো নিমার্ণের মাধ্যমে একটি সুখি ও সমৃদ্ধশালী বায়লাদেশ গড়ার ক্ষেত্রে দক্ষতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে চলেছে।

ভিশন

পরিকল্পিত নগর; নিরাপদ ও সশ্রয়ী আবাসন।

মিশন

সূষ্ঠ পরিকল্পনা ও গবেষণার মাধ্যমে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য টেকসই, নিরাপদ ও সশ্রয়ী আবাসন, পরিকল্পিত নগরায়ন এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার জন্য আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন অবকাঠামো নির্মাণ।

প্রধান কার্যাবলি

- সরকারি ভবন ও অন্যান্য অবকাঠামোর স্থাপত্য ও কাঠামোগত নকশা প্রণয়ন, নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
- পরিকল্পিত আবাসন খাত বিকাশের লক্ষ্যে নীতিমালা, আইন-বিধি সংশোধন ও প্রণয়ন;
- ভূমির সূষ্ঠ ব্যবহার ও উন্নয়নের মাধ্যমে পরিকল্পিত নগরায়ন;
- সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসন;
- স্বল্প ব্যয়ে সকল নাগরিকের জন্য আবাসন;
- নগরায়ন, গৃহায়ন, স্থাপনা নির্মাণ, নির্মাণ সামগ্রী ও কলাকৌশল ইত্যাদি বিষয়ে গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন;
- মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা;
- নগরায়ন এবং আবাসন সমস্যা সমাধানে বেসরকারি খাতকে সম্পৃক্তকরণে উৎসাহ প্রদান ও সুযোগ সৃষ্টি করা।

মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর ও সংস্থাসমূহ

- | | |
|--------------------------------|---|
| ১) গণপূর্ত অধিদপ্তর | ৭) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ২) স্থাপত্য অধিদপ্তর | ৮) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৩) নগর উন্নয়ন অধিদপ্তর | ৯) হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট |
| ৪) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | ১০) অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর |
| ৫) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ | ১১) সরকারি আবাসন পরিদপ্তর। |
| ৬) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | |

^১মো: মনিরুল হুদা, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

তথ্যসূত্র: মন্ত্রণালয় এবং এর অধীনস্থ অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর এবং সংস্থার রিপোর্ট;

অনুদান প্রাপ্ত সংস্থাসমূহ

- ১) বাংলাদেশ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, ২) বাংলাদেশ ডিপ্লোমা ইনস্টিটিউশন, ৩) বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট এবং
৪) বাংলাদেশ ইনস্টিটিউট প্রিন্সিপাল্স।

গণপূর্ত অধিদপ্তর**কার্যপরিধি**

- সরকারি ভবন ও অন্যান্য অবকাঠামোর কাঠামোগত নকশা প্রণয়নসহ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ;
- স্মৃতিসৌধ, জাদুঘর ও ঐতিহাসিক অবকাঠামো পুনর্নির্মাণ/রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ;
- পাবলিক পার্ক উন্নয়ন ও সংরক্ষণ;
- পরিত্যক্ত সম্পত্তি ও অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ।

উল্লেখযোগ্য কার্যক্রম

বঙ্গভবন, গণভবন, জাতীয় সংসদ ভবন, উত্তরা গণভবনের মতো গুরুত্বপূর্ণ স্থানসমূহ রক্ষণাবেক্ষণসহ নিম্নলিখিত পাবলিক প্রেস এর সার্বিক তত্ত্বাবধান করে থাকে:

- জাতীয় স্মৃতিসৌধ (সভার);
- বঙ্গবন্ধু সমাধি কমপ্লেক্স, টুঙ্গিপাড়া;
- সোহরাওয়ার্দী উদ্যান স্বাধীনতা স্তম্ভ;
- রায়েরবাজার বধ্যভূমি;
- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার;
- সোহরাওয়ার্দী উদ্যানে নবনির্মিত স্বাধীনতা স্তম্ভ এবং
- সরকারি পার্ক ও উদ্যানসমূহের (রমনা পার্ক, সোহরাওয়ার্দী উদ্যান, আনোয়ারা পার্ক ও চন্দ্রিমা উদ্যান) রক্ষণাবেক্ষণ ।

স্থাপত্য অধিদপ্তর

Public Spaces for all এ দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে বিশেষ প্রকল্প হিসেবে নিম্নে বর্ণিত প্রকল্পসমূহের স্থাপত্য নকশা এ অধিদপ্তর হতে প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রকল্পসমূহের প্রত্যাপি ব্যক্তি/বর্গ/সংস্থা কর্তৃক স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত স্থাপত্য নকশাসমূহ বিশেষভাবে গৃহীত ও সমাদৃত হয়েছে:

- মাদারীপুরস্থ শকুনী লেক সংলগ্ন পার্ক ও বিনোদন কেন্দ্রের উন্নয়ন;
- জামালপুর শহরে শহীদ মিনার, পাবলিক অডিটোরিয়াম, লাইব্রেরী, পার্ক, বিনোদন কেন্দ্রসহ অন্যান্য নাগরিক সুবিধা সম্বলিত স্কয়ার এর উন্নয়ন;
- ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানকে সোনার বাংলা সংস্কৃতি বলায় এর কোর স্থাপনা হিসেবে রেখে তার সাথে শিল্পকলা একাডেমী, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, রমনা পার্ক, স্বাধীনতা স্তম্ভ, শিশু পার্ক ইত্যাদিসহ অন্যান্য নাগরিক সুবিধাদির সমন্বয় সাধন করে একটি মহাপরিকল্পনার নকশা স্থাপত্য অধিদপ্তর হতে প্রণয়ন করা হয়েছে, যা ঢাকা মহানগরীতে Public Spaces এর উৎকৃষ্ট উদাহরণ;
- চট্টগ্রামের কে সি দে রোডস্থ ঐতিহ্যপূর্ণ মসলিম ইনস্টিটিউট এবং তৎসংলগ্ন চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় মিলনায়তন, পাবলিক লাইব্রেরী, কেন্দ্রীয় শহীদ মিনার ইত্যাদিকে আবর্তন করে জনসাধারণের জন্য একটি উন্মুক্ত চত্বর এর স্থাপত্য নকশা প্রণয়ন;
- ঢাকার কেরানীগঞ্জে ৫০০০ ধারণ ক্ষমতা বিশিষ্ট অত্যাধুনিক আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ২টি ৫ তারকা হোটেল, স্টেডিয়াম, গল্ফ কোর্স, আন্তর্জাতিক বাণিজ্য মেলার স্থান, বোট ক্লাব, বিনোদন কেন্দ্র, ১০০ তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন ইত্যাদির সমন্বয়ে প্রায় ১০০ একর জমির উপর Public Spaces for all এর ধারণাগত মহাপরিকল্পনা (Conceptual Master Plan) প্রণয়ন করা হয়েছে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

কার্যপরিধি

- স্বল্প ব্যয় ও আত্মসহায়তামূলক নগর ও গ্রামীণ গৃহায়ন প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়ন;
- দুর্দশাগ্রস্ত মহিলা, অসহায় ও দুঃস্থ নাগরিকদের জন্য গৃহায়ণ কার্যক্রম গ্রহণ;
- সরকার কর্তৃক কর্তৃপক্ষের নিকট ন্যাস্তকৃত বা কর্তৃপক্ষের মালিকানাধীন জমির রক্ষণাবেক্ষণ এবং উক্ত জমিতে বাড়ি, এ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট এবং ইমারত নির্মাণ, এবং
- গৃহায়ন প্রকল্প বাস্তবায়নে দেশি-বিদেশি উদ্যোক্তাদের আকৃষ্ট করা।

উল্লেখযোগ্য কার্যক্রম

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের উল্লেখযোগ্য চলমান প্রকল্পের মধ্যে রয়েছে, মিরপুর ৯নং সেকশনে ১০৪০টি ফ্ল্যাট, মিশুর ১৫নং সেকশনে সরকারি কর্মকর্তাদের জন্য ৫২০টি ফ্ল্যাট, মোহাম্মদপুর এফ ব্লকে ৯০০ টি ফ্ল্যাট, চট্টগ্রামে ২১৬টি ফ্ল্যাট, বগুড়ায় ১৩৫টি, দিনাজপুরে ৭২টি, সিলেটে ৮৮টি, কক্সবাজারে ৫৭৫টি এবং যশোরে ১৪৪টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প এবং চট্টগ্রামের রাউজানে ২টি প্রকল্পে ৪৯৬টি, মিরসরাই এ ২টি প্রকল্পে ৩৫৪টি, রাজশাহীতে ৫৮টি, চাঁপাইনবাবগঞ্জে ২২০টি, নড়াইলে ১৭৯টি প্রট উন্নয়নের প্রকল্প। এছাড়া ঢাকা ও চট্টগ্রামের সরকারি কর্মকর্তা এবং অন্যান্য শ্রেণি পেশার মানুষের জন্য ১৬১০টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। ইতোমধ্যে জেলা পর্যায়ে ৯টি প্রট প্রকল্পে ২৮৮১টি আবাসিক প্রট তৈরির কাজ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ৪০টি প্রকল্প চলমান আছে। এ সমস্ত প্রকল্পে ২১টি ফ্ল্যাট প্রকল্পে ৫৮৪৩টি ফ্ল্যাট এবং ১৯টি প্রট প্রকল্পে ৩২৭৬টি প্রট তৈরি করা হবে। ইতোমধ্যেই ঢাকার লালমাটিয়ায় সরকারি কর্মকর্তাদের জন্য ১৮২ টি ফ্ল্যাট, ঢাকার মিরপুরে সরকারি কর্মকর্তাদের জন্য ৩৬০ ফ্ল্যাট, চট্টগ্রামের হালিশহরে ১০৮টি ফ্ল্যাট, গোপালগঞ্জ জেলা সদরে ২৪৩ প্রট, মাদরিপুর জেলার শিবচর উপজেলায় ৫৩৩টি প্রট এবং কুষ্টিয়া জেলা সদরে ১০৫০টি প্রট উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে।

নগর উন্নয়ন অধিদপ্তর

কার্যপরিধি

- নগরায়ন, নগর এলাকায় ভূমির সুষ্ঠু ব্যবহার ও ভূমি উন্নয়ন বিষয়ে কর্তৃপক্ষ, সংস্থা ও সরকারকে পরামর্শ প্রদান;
- কৃষি ভূমি ও জলাশয় নষ্ট না করে শিল্পায়নসহ বিদ্যমান শহর এলাকার মধ্যে পরিকল্পিত নগরায়নে পরামর্শ প্রদান ও ভবিষ্যৎ নগর উন্নয়ন এলাকা চিহ্নিতকরণ;
- ৪টি মেট্রোপলিটন শহর উন্নয়ন কর্তৃপক্ষের নিয়ন্ত্রিত এলাকা বহির্ভূত সকল নগর এলাকার মাস্টার প্ল্যান প্রণয়ন, এলাকা ভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার নকশা ও অঞ্চল ভিত্তিক পরিকল্পনা প্রণয়ণ ও সমন্বয় সাধন;
- ভৌত পরিকল্পনা, নগরায়ন বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সেমিনার/ওর্যাকশন আয়োজন করা এবং গবেষণালব্ধ তথ্য প্রকাশ।

উল্লেখযোগ্য কার্যক্রম

- সিলেট ও বরিশাল বিভাগীয় শহরের স্ট্রাকচার প্ল্যান, মাস্টার প্ল্যান ও ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন;
- জিয়ারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এ্যান্ড সি-বিচ আপ-টু টেকনাফ (সেন্টমার্টিন দ্বীপসহ) প্ল্যান প্রণয়ন;
- বেনাপোল স্থলবন্দর হতে যশোর শহর পর্যন্ত হাইওয়ে করিডোর সংলগ্ন এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন;
- মাদারীপুর ও রাজের সমগ্র উপজেলার মাস্টার প্ল্যান প্রণয়ন;
- চৌদ্দটি কৌশলগত গুরুত্বপূর্ণ উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন;
- শহরের কৌশলগত পরিকল্পনা প্রণয়ন।

নগর উন্নয়ন অধিদপ্তর Regional office for Asia and the Pacific (ROAP) UN-Habitat Society, Asian Townscape Design Society এবং Fukuoka Urban Research Center এর পৃষ্ঠপোষকতায় জাপানের ফুকুওয়া শহরে গত ১৮ নভেম্বর, ২০১৪ তারিখে 'Asian Townscape Award 2014' প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। নগর উন্নয়ন অধিদপ্তর এবং Comprehensive Disaster Management Programme (CDMP-II) এ কর্তৃক বাস্তবায়নাধীন 'Mymensingh Strategic Development Plan (MSDP) 2011-2031' প্রকল্পটি '2014 Asian Townscape Jury's Award' অর্জন করে।



হাউজিং এন্ড বিল্ডিং বিসার্চ ইনস্টিটিউট

কার্য পরিধি

- ভবন নির্মাণ, নির্মাণ উপকরণ এবং মানববসতির সাথে সংগতিপূর্ণ বিষয়ের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা;
- দেশজ নির্মাণ উপকরণের প্রাপ্যতা, উন্নয়ন ও তার ব্যবহারের উপর গবেষণা;
- ভবন নির্মাণ ক্ষেত্রে মান নিয়ন্ত্রণে সংশ্লিষ্টদের উৎসাহিত করা;
- গৃহায়ন প্রযুক্তি, ভবন নির্মাণের পরিকল্পনা ও ডিজাইন এবং রক্ষণাবেক্ষণ পদ্ধতি উন্নয়নে উদ্যোগ গ্রহণ করা;
- পাইলট প্রকল্প গ্রহণের মাধ্যমে ভবন নির্মাণে সশ্রয়ী নতুন উপকরণ ও প্রযুক্তির উদ্ভাবন করা;
- গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের সংগে যৌথ উদ্যোগে গবেষণা;
- গবেষণা লব্ধ ফলাফল মূল্যায়ন করে তা প্রয়োগ করা;
- গৃহায়ন ও ভবন নির্মাণ ক্ষেত্রে গবেষণা কার্যক্রমকে উৎসাহিত করার ফেলোশিপ ও বৃত্তি প্রদান করা।

উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও প্রযুক্তি

- ফেরোসিমেন্ট চ্যানেল (প্রচলিত আরসিসি স্লাব এর বিকল্প);
- ফেরোসিমেন্ট এল-প্যানেল (প্রচলিত চেউটিনের বিকল্প);
- ফেরোসিমেন্ট ফোল্ডেড প্রেট (প্রচলিত চেউটিনের বিকল্প);
- হলো স্লাব (আরসিসি স্লাব এর বিকল্প);
- বালি-সিমেন্ট হলো ব্লক/ কংক্রিট হলো ব্লক;
- ফেরোসিমেন্ট পানির ট্যাংক (জিআই ট্যাংকের বিকল্প);
- আরসিসি চৌকাঠ (কাঠের বিকল্প);
- প্রিন্টেসড কংক্রিট রাফটার পারলিন, খুটি (বাঁশ, কাঠ ও ষ্টিলের বিকল্প);
- রাসায়নিক প্রক্রিয়ায় বাঁশ, খড়, ছন টেকসইকরণ।

প্রাকৃতিক দুর্যোগ প্রবণ এলাকাসমূহের উপযোগী ও ব্যয় সাশ্রয়ী স্থাপনা উদ্ভাবন

- ভাসমানযোগ্য স্কুল কাম আশ্রয়কেন্দ্র;
- বন্যা কবলিত এলাকার জন্য মডেল গৃহ;
- নদী ভাঙ্গন এলাকার জন্য মডেল গৃহ;
- ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস প্রবণ এলাকার জন্য মডেল হাউজ।

ভূমিকম্প সহনীয় ভবন

- হালকা নির্মাণ উপকরণ উদ্ভাবন ও ব্যবহার করে ভূমিকম্প বল-হ্রাস করা;
- Soft storey or weak storey সমস্যা সমাধান করা।

চলমান গবেষণা প্রকল্প

- প্রচলিত ইটের বিকল্প উদ্ভাবন;
- গ্রামীণ জনপদে কৃষি জমি রক্ষার্থে বহুতল ভবন নির্মাণে সাশ্রয়ী প্রযুক্তি উদ্ভাবন;
- ভবন নির্মাণ কাজে ফেরোসিমেন্ট প্রযুক্তির উন্নয়ন, সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি;
- প্রচলিত টিনের পরিবর্তে পাটের আঁশ/তারের জাল ব্যবহার করে জুটিন/ফেরোটিন উদ্ভাবন;
- বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের বাড়িঘরের ধরণ ও নির্মাণ উপকরণ (Typolog) নির্ণয় বিষয়ক সমীক্ষা।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ: তাদের অধিক্ষেত্রের মধ্যে দেশের মানুষের আবাসান সুবিধাসহ বিভিন্ন পাবলিক প্রেসের উন্নয়নের লক্ষ্যে কাজ করে চলেছে। রাজউক কর্তৃক নির্মিত কুড়িল ফ্লাইওভার এবং হাতির ঝিল প্রকল্প এর উৎকৃষ্ট উদাহরণ।

পরিশেষে এ কথা বলা যায় যে, দেশের সীমিত সম্পদের সূচু ব্যবহারের লক্ষ্যে গবেষণা ও পরিকল্পিত নগরায়নের মাধ্যমে দেশের মানুষের জন্য স্বল্পব্যয়ে টেকসই ও নিরাপদ আবাসনের ব্যবস্থা এবং ব্যক্তির শারীরিক ও মানসিক সুস্থ বিকাশের জন্য পাবলিক প্রেসসমূহের উন্নয়নের মাধ্যমে একটা সুখি সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ার কাজে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর ও সংস্থাসমূহ বিশ্ব বসতি দিবসের উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

সার্বজনিন্য স্থান সবার অধিগার
Public Spaces for all

Public Space in Bangladesh





Suhrawardy Udyan



Bangla Academy Premise



Jatiyo Smriti Soudho



Shahid Minar



Tanguar Haor



Sajek valley, Khagrachhari



Rangamati Parjatan Kendra



Hatirjheel



Ramna Park



Procession in Bengali New Year



Kuakata Seabeach



Cox's Bazar Seabeach



National Zoo



Dhaka University Campus

সম্পাদক :

এম বজলুল করিম চৌধুরী

অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সম্পাদনা পরিষদ :

ড. নুরুল ইসলাম নাজেম

সাম্মানিক সচিব, নগর গবেষণা কেন্দ্র, ঢাকা

ও অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

ড. মোঃ মাকসুদুর রহমান

অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

জনাব মোঃ ফাহিমুল ইসলাম

উপ-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

জনাব মোঃ মনিরুল হুদা

উপ-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

প্রচ্ছদ :

জনাব মোঃ ফাহিমুল ইসলাম

প্রকাশনা :

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

কৃতজ্ঞতা স্বীকার :

রিইয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (REHAB)

প্রকাশকাল :

অক্টোবর ২০১৫

মুদ্রণে :

পানগুছি কালার গ্রাফিকস্

মোবাইল : ০১৭১১৯৯১২১১



বিশ্ব বসতি দিবস ২০১৬

উদ্বোধন কমিটি



প্রধান পৃষ্ঠপোষক
ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন এমপি
মাননীয় মন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধানে
জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ
সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ কমিটি

- ১। জনাব এম বজলুল করিম চৌধুরী
অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। আহ্বায়ক
- ২। জনাব কাজী গোলাম নাসির
প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা। সদস্য
- ৩। জনাব মোহাম্মদ আবু সাদেক
পরিচালক, এইচ বি আর আই, ঢাকা। সদস্য
- ৪। জনাব মোহাম্মদ আজহারুল হক
সদস্য, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা। সদস্য
- ৫। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা। সদস্য
- ৬। জনাব মোঃ মনিরুজ্জামান
যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। সদস্য
- ৭। জনাব মোঃ সিরাজুল ইসলাম
প্রধান নগর পরিকল্পনাবিদ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা। সদস্য
- ৮। জনাব মোঃ মনিরুল হুদা
উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। সদস্য
- ৯। বেগম খেনচান
উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা। সদস্য
- ১০। ড. খুরশীদ জাবীন হোসেন তৌফিক
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। সদস্য
- ১১। ড. মোঃ মাকসুদুর রহমান
অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। সদস্য
- ১২। জনাব শওকত উল্লাহ
নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা। সদস্য
- ১৪। জনাব মোঃ ফাহিমুল ইসলাম
উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। সদস্য সচিব

বাণী সংগ্রহ ও ক্রোড়পত্র প্রকাশনা সংক্রান্ত উপ কমিটি

১।	জনাব মোঃ আখতার হোসেন অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	আহবায়ক
২।	জনাব আশরাফ আলী উপ পরিচালক (এস্টেট ও প্র্যানিং), রাজউক, ঢাকা।	সদস্য
৩।	জনাব শাহাদাৎ হোসেন উপ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৪।	প্রফেসর নূরুল ইসলাম নায়েম নগর গবেষণা কেন্দ্র, ঢাকা।	সদস্য
৫।	জনাব লিয়াকত আলী ভূঁইয়া ভাইস প্রেসিডেন্ট, রিহাব	সদস্য
৬।	জনাব মোঃ ফাহিমুল ইসলাম উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।	সদস্য
৭।	জনাব আব্দুল আলীম খান উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য সচিব

সেমিনার বাস্তবায়ন উপ কমিটি

১।	জনাব খন্দকার ফওজী মুহাম্মদ বিন ফরিদ পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর	আহবায়ক
২।	জনাব মোহাম্মদ আবু সাদেক পরিচালক, এইচ বি আর আই, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।	সদস্য
৪।	মুহাম্মদ আরিফুল ইসলাম বাংলাদেশ ইন্সটিটিউট অব প্র্যানার্স	সদস্য
৫।	সৈয়দ শামীম রেজা রিহাব	সদস্য
৬।	সৈয়দা ইসরাত নাজিয়া সেন্টার ফর আরবান স্টাডিজ, ঢাকা।	সদস্য
৭।	ড. আফসান হক আরবান এন্ড রিজিওনাল প্র্যানিং, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
৮।	ড. মোঃ মাকসুদুর রহমান অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৯।	খন্দকার রেবেকা সান ইয়াত নির্বাহী পরিচালক, কোয়ালিশিন ফর দি আরবান পুওর	সদস্য
১০।	জনাব মোহাম্মদ মিরাজ হোসেন নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	সদস্য
১১।	জনাব আ.স.ম আমিনুর রহমান উপ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।	সদস্য
১২।	জনাব মোঃ আখতারুজ্জামান বাংলাদেশ প্রতিনিধি, ইউএন হ্যাবিটেট	সদস্য
১৩।	জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন ইন্সটিটিউট অব আর্কিটেক্টিস্	সদস্য
১৪।	ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক উপ পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর	সদস্য সচিব

স্মরণিকা প্রকাশ উপ কমিটি

১।	জনাব এম বজলুল করিম চৌধুরী অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	আহবায়ক
২।	প্রকৌশলী মোঃ আখতারুজ্জামান এইচ বি আর আই, ঢাকা।	সদস্য
৩।	জনাব শিয়াকত আলী ডুইয়া ভাইস প্রেসিডেন্ট, রিহাব	সদস্য
৪।	প্রফেসর নূরুল ইসলাম নায়েম নগর গবেষণা কেন্দ্র, ঢাকা।	সদস্য
৫।	জনাব গোলাম কিবরিয়া জনসংযোগ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৬।	জনাব নূর শাহরিয়ার বিন রহমান সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৭।	জনাব মোঃ আরিফুল ইসলাম বাংলাদেশ ইন্সটিটিউট অব প্ল্যানার্স	সদস্য
৮।	জনাব মাসুদ উর রশিদ বাংলাদেশ ইন্সটিটিউট অব আর্কিটেক্টস, ঢাকা।	সদস্য
৯।	জনাব কাজী মোঃ ফজলুল হক সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।	সদস্য
১০।	ড. মোঃ মাকসুদুর রহমান অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা	সদস্য
১১।	জনাব মোঃ ফাহিমুল ইসলাম উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
১২।	জনাব মোঃ মনিরুল হুদা উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য সচিব

প্রচার উপ কমিটি

১।	জনাব খান মোহাম্মদ বিলাল অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	আহবায়ক
২।	জনাব গোলাম কিবরিয়া জনসংযোগ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৩।	জনাব মনিরুল হাসান প্রযোজক, বাংলাদেশ টেলিভিশন।	সদস্য
৪।	জনাব মঈনুর রহমান মোস্তা উপ পরিচালক, বাংলাদেশ বেতার	সদস্য
৫।	জনাব শিয়াকত আলী ডুইয়া ভাইস প্রেসিডেন্ট, রিহাব	সদস্য
৬।	জনাব মোঃ মনিরুজ্জামান যুগ্ম সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৭।	জনাব নূর আলম সিনিয়র সহকারী সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য সচিব

র্যালি বাস্তবায়ন উপ কমিটি

১।	জনাব খন্দকার আখতারুজ্জামান চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা।	আহবায়ক
২।	জনাব মোঃ ইমরুল চৌধুরী যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৩।	খোন্দকার রেবেকা সান ইয়াত নির্বাহী পরিচালক, কোয়ালিটিন ফর দি আরবান পুওর	সদস্য
৪।	বাংলাদেশ ইলেকট্রিটিউটস্ অব প্র্যানার্স এর একজন প্রতিনিধি	সদস্য
৫।	জনাব লিয়াকত আলী হুইয়া ভাইস প্রেসিডেন্ট, রিহাব	সদস্য সদস্য
৬।	জনাব শওকত উল্লাহ নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।	
৭।	রাজউকের একজন প্রতিনিধি	সদস্য
৮।	জনাব খবির উদ্দিন আহমেদ অর্থনীতিবিদ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৯।	জনাব তাহের আজাদ সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।	সদস্য
১০।	ড. মোঃ মাকসুদুর রহমান অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
১১।	জনাব আশরাফ হোসেন পরিচালক (প্রশাসন), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা।	সদস্য সচিব

প্রদর্শনী বাস্তবায়ন উপ কমিটি

১।	জনাব মোহাম্মদ আবু সাদেক পরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, ঢাকা।	আহবায়ক
২।	জনাব মোহাম্মদ সালাউদ্দিন উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য
৩।	মিসেস ইসরাত জাহান রিসার্চ অফিসার, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৪।	প্রকৌশলী এম এ সালাম তত্ত্বাবধায়ক প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা	সদস্য
৫।	প্রকৌশলী মোঃ আখতারুজ্জামান এইচ বি আরআই, ঢাকা।	সদস্য সচিব

অর্থ বিষয়ক উপ কমিটি

১।	জনাব রহমত উল্লাহ মোঃ দস্তগীর যুগ্ম সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	আহবায়ক
২।	গণপূর্ত অধিদপ্তরের একজন প্রতিনিধি	সদস্য
৩।	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি	সদস্য
৪।	রাজউকের একজন প্রতিনিধি	সদস্য
৫।	রিহাবের একজন প্রতিনিধি	সদস্য
৬।	বেগম সায়লা ফারজানা উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য সচিব





October 5

**World
Habitat
Day** +



**Public
Spaces
for all**